সোনাখালি বর্ডার থেকে বাউরিয়া ব্রিজ পর্যন্ত রাস্তা মোট ৪.২৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৪.২৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। আউলিয়াপুর ইউপি বডার থেকে দরিবাহির চর পর্যন্ত রাস্তা ২.৪৩কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৪৩কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। মাধুরা খাল গোড়া থেকে কলাগাছিয়া খেয়াঘাট পর্যন্ত রাস্তা মোট ৩.৬৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৬৫কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। পল্লী উন্নয়ন প্রাঃবিদ্যাঃ থেকে মল্লিকবাড়ীপ্রাঃ বিদ্যাঃ পর্যন্ত রাস্তা মোট ১.৩কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ১.৩কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। সুহরী প্রাঃবিদ্যাঃ থেকে গ্রোথ সেন্টার কমিউনিটি রোড পর্যন্ত রাস্তা মোট ২.৮কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ,কাঁচা ২.৮কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। সোনাখালি হাজীবাড়ী থেকে দিজেনদাড়ার বাড়ী পর্যন্ত রাস্তা মোট ১.০৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.০৫কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। নলুয়াবেগী মাটির কেল্লা থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ২.৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ । আইজুদ্দিন মাতুব্বরেরবাড়ী থেকে কালাবুনিয়া পর্যন্ত রাস্তা মোট ৩.২ মিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ৩.২কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। পুঃবাদুরা সমবায় প্রাঃবিদ্যাঃ থেকে বারেক মেম্বরেরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.০৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.০৫কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। বাবুর্চীবাড়ী থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ২.১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.১কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। চর শুহরী প্রাঃ স্কুল থেকে মোসলেম মৃধার বাড়ী পর্যন্ত রাস্তা মোট ১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। স্যাটেলাইট স্কুল থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ৩.৭কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৭কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ । মোসলেম ফকিরবাড়ী থেকে হাফেজের ফেরীঘাট পর্যন্ত রাস্তা মোট ৪ কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৪ কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। দোয়ানি পটুয়াখালি হাট থেকে লামনা মেছের মৃধারবাড়ী পর্যন্ত রাস্তা মোট ৫.৮৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৫.৮৫কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। পাতাবুনিয়া সোমেদ খানের বাড়ী থেকে জয়নাল হাওলাদের বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৫.০৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৫.০৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। মদনসাধুর বাড়ী থেকে সাইদ কাতিকাঞ্চন আলীর বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৯.৫৮কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৯.৫৮কিমি, ইটের রাস্তা ০কিমিঃ। ফয়েজুন্নেছা বাড়ী বাশবুনিয়া GCCR থেকে সায়েদউদ্দিন তালুকদারের বাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.৮কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৮কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ । জানুকি শিকদারবাড়ী থেকে ফেরী ঘাট পর্যন্ত রাস্তা মোট ১.৪৬কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৪৬কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। GCCRনেহার মোসলেম মাস্টারের বাড়ী থেকে কলাগাছিয়া ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ২.২৮কিমিঃ, যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ২.২৮কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। পাতাবুনিয়া আলীরবাড়ী থেকে আলী ব্যেপারীর বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩.৬৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৬৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। সুতাবাড়ীয়া সুরেজসোমাদ্দারের বাড়ী থেকে ওয়াপদা কানেকশন পর্যন্ত রাস্তা মোট ১.১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.১কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। কালারাজ সঃপ্রাঃবিদ্যাঃ থেকে কালারাজ ব্রীজ পর্যন্ত রাস্তা মোট ১.০৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ১.০৫কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। বাহির গজালিয়া থেকে চাঁদের হাট পর্যন্ত রাস্তা মোট ১.৬কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৬কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। কোটালি মাদ্রাসা থেকে পঃপাশের ওয়াপদা রোড পর্যন্ত রাস্তা মোট ১.৬কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৬কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। চাঁন্দের হাট থেকে কোটালি মাদ্রাসা পর্যন্ত রাস্তা মোট ২.১৩কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.১৩কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। জেলে বাড়ী থেকে পানখালি গজালিয়া পর্যন্ত রাস্তা মোট ২.৪৪কিমিঃ ,যার মধ্যে

পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৪৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। বাহির গজালিয়া থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ৩.৬৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৬৪কিমি, ইটের রাস্তা ০ কিমিঃ। উত্তর সুতাবাড়িয়া থেকে পুঃপাশের ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ১.৭কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৭ কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। চন্দাইল উচ্চ বিদ্যাঃ থেকে ওয়াপদা বাঁধ পর্যন্ত রাস্তা মোট ০.৪৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ০কিমিঃ, ইটের রাস্তা ০.৪৫ কিমিঃ। কচুয়া মাঃপ্রাঃ বিদ্যাঃথেকে কালারাজা পর্যন্ত রাস্তা মোট ১.০৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.০৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। কচুয়া ইফরাজ হাওঃবাড়ী থেকেকালারাজা পর্যন্ত রাস্তা মোট ১.৬৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৬৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। পুঃ পারডাকুয়া থেকে ডাকুয়া সঃ প্রাঃ বিদ্যাঃ পর্যন্ত রাস্তা মোট ২.৩৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ২.৩৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। কামলাকান খাল থেকে দাখিল মাদ্রাসা পর্যন্ত রাস্তা মোট ১.৩৭কিমিঃ, যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৩৭কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। জি,সি,সি,আর,থেকে হোগলাবুনিয়া পর্যন্ত রাস্তা মোট ৩ কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩ কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। ডিসি রোড় থেকে হাতেম মাস্টারেরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ০.৯৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ০.৯৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। কৃষ্ণপুর থেকে কাশেম মাঝির বাড়ী পর্যন্ত রাস্তা মোট ০.৯১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ০.৯১কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। আল্লাকাউল খাল ব্রীজ থেকে নিজামুল চত্রা পর্যন্ত রাস্তা মোট ১.৩১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৩১কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। নায়েবানগঞ্জ থেকে পানপট্টি ফিডরোড পর্যন্ত রাস্তা মোট ২.৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৫কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। হাশেম চৌকিদারের বাড়ী থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ২.৫ কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৫ কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। অনন্ত ডাঃ বাড়ী থেকে হারুন মাস্টার বাড়ি পর্যন্ত রাস্তা মোট ৩.২৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.২৫কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। হিরাগাজীর বাড়ী থেকে কাদের মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩ কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। কাদেরমোল্লার বাড়ী থেকে ইব্রাহিম খানের বাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৫কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। জোনাল থেকে কাদের মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা মোট ১.২৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.২৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। বোয়ালিয়া ক্রস ড্যাম্প থেকে জোনাল পর্যন্ত রাস্তা মোট ২.৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। মামুন তক্তি রোলদি থেকে নিয়াম হাওলা মাদ্রাসা পর্যন্ত রাস্তা মোট ২.৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৪কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। মুরাদ নগর থেকে ইসমাইল ডাঃ বাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.২৪কিমিঃ, যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.২৪কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ । ইউপি অফিস থেকে সাওদ হাওলাদের বাড়ীর রোড পর্যন্ত রাস্তা মোট ২.৬কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ২.৬কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ । বাহির হাওলা ওয়াপদা থেকে জহির হকেরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৪কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। পঃপাকিয়া স্লুইজ থেকে ডিসি রোড পর্যন্ত রাস্তা মোট ১.৩৯কিমিঃ, যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৩৯কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। কোকাইটাবাদ মুন্সিবাড়ী থেকে তুলাতলি ওয়াপদা পর্যন্ত রাস্তা মোট ৩.৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৪কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। শাহালম মেম্বরের বাড়ী থেকে সওদাগরবাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.১৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.১৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। হাসেম গাজীর বাড়ী থেকে টিপখালীহাট পর্যন্ত রাস্তা মোট ৩.৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৪কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। রত্নেসর সওদাগর বাড়ী থেকে কাদেম ফেরিঘাট পর্যন্ত রাস্তা মোট ৬.৩৭কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ৬.৩৭কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। ইউপি অফিস থেকে আদুপেদার বাড়ী পর্যন্ত রাস্তা মোট ১.৩কিমিঃ, যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ১.৩কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। চালতাবুনিয়া খাল গোড়া থেকে জাহাংগীর মুফতির বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩.৪কিমিঃ, যার মধ্যে পাঁক ০কিমিঃ, কাঁচা ৩.৪কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। ফজলু মাস্টারের বাড়ী থেকে জাহাংগীর মুফতির বাড়ী পর্যন্ত রাস্তা মোট ৩.২৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.২৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। গাববুনিয়া দাখিল মাদ্রাসা থেকে কাঁটখালি রোড পর্যন্ত রাস্তা মোট ১.৮কিমিঃ, যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ১.৮কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। ইউসেফখালি বুন্ডা থেকে হাজীতহসীন পর্যন্ত রাস্তা মোট ২কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। মৌডুবি থেকে কাজীকান্দা পর্যন্ত রাস্তা মোট ২কিমিঃ, যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। আব্দুল হাকিম হাওঃবাড়ীর পাশদিয়ে কাঁটাখালি বাজার পর্যন্ত রাস্তা মোট ১কিমিঃ ,যার মধ্যে পাঁকা ০কিমিঃ, কাঁচা ১কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। আফসার হাওলাদের বাড়ী থেকে আব্দুল হাকিমের বাড়ীর পাশ পর্যন্ত রাস্তা মোট ১.৭৬কিমিঃ, যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১.৭৬কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ। মৌডুবী হেলথ সেন্টার থেকে মুখর বান্দা পর্যন্ত রাস্তা মোট ৩.৫কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৩.৫কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। মধুখালি লঞ্চঘাট থেকে দেলুমাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা মোট ২.৩৪কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ২.৩৪কিমিঃ, ইটের রাস্তা ০ কিমিঃ। মৌডুবি বাজার থেকে রাজীনবাবুর বাড়ী পর্যন্ত রাস্তা মোট ১কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ১কিমিঃ ,

ইটের রাস্তা ০ কিমিঃ। দেনজয় হাওলাদের বাড়ী থেকে নিজকাঁটা লঞ্চঘাট পর্যন্ত রাস্তা মোট ৫.৯৮কিমিঃ ,যার মধ্যে পাঁকা০কিমিঃ, কাঁচা ৫.৯৮কিমিঃ , ইটের রাস্তা ০ কিমিঃ।

টেবিল নম্বর ১.৩ এলজিডি এর তথ্য মতে এক নজরে গলাচিপা উপজেলার রাস্তা।

রাস্তার প্রকার	সংখ্যা	দৈর্ঘ্য (কি.মি.)	পাকা (কি.মি.)	কাঁচা (কি.মি.)	এইচ বি বি (কি.মি.)
উপজেলা রাস্তা	৬ টি	৯৫.০৭	৫৯.৩২	৩২.৪৯	৩.৮৯
ইউনিয়ন রাস্তা	৩০ টি	২৭৪.০৬	৮০.৭৪	১৭০.৮৭	২২.৪৫
গ্রাম্য রাস্তা এ	১৯৯ টি	৮৩৮.৮৬	২৪.৩৫	৮০০.৯৬	১৩.৫৫
গ্রাম্য রাস্তা বি	২০৪ টি	৫৪৬.৭৩	২.৬৫	৫৪৩.৮৮	২.২
মোট	৪৩৯ টি	১৭৫৭.৪	১৬৭.০৬	১৫৪৮.২	৪২.০৯

তথ্য সূত্রঃ উপজেলা এল,জি,ই,ডি অফিস, গলাচিপা।

সেচ ব্যবস্থা

মূলত গলাচিপা উপজেলার কৃষি নির্ভর এলাকা হওয়ায় কৃষি কাজ এ অঞ্চলের সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস। পটুয়াখালি জেলার গলাচিপা উপজেলা ধান, বাদাম, আলু, পান, তরমুজ চাষের জন্য বিখ্যাত। এ জেলায় প্রচুর পরিমানে ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খেসারী, মুগ,তিল, সরিষা, তরমুজ, ও পান প্রভৃতি উৎপাদন হয়।এ অঞ্চলের মানুষ কৃষিকাজের সেচ ব্যবস্থার জন্য নদী, খাল ও বৃস্টির পানি ব্যবহার করে। পাশাপাশি শুস্ক মৌসুমে এন জি ও কতৃক বসানো গভির নলকূপ ব্যবহার করে থাকে। যদিও বর্তমানে ধান চাষ বহুলাংশে হ্রাস পেয়েছে, তবুও ধানসহ অন্যান্য চাষের জন্য সেচ ব্যবস্থার প্রয়োজন। এ উপজেলাতে সরকারী ভাবে বসানো ৩৬০৫ টি গভীর নলকূপ রয়েছে। গলাচিপা উপজেলাতে কোন বরেন্দ অফিস নেই। কৃষি নির্ভর এ উপজেলায় সেচের আওতাভুক্ত মোট জমি রয়েছে ৩৩৫০০ হেক্টর। শুষ্ক মৌসুমে এ জমিগুলোতে প্রচুর সেচের প্রয়োজন হয়। তাই সেচ কার্য সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য ব্যবহৃত হচ্ছে নদী,খাল ও বৃস্টির পানির পাশাপাশি এন জি ও কতৃক বসানো গভিরনলকুপ। যা প্রয়জনের তুলনায় খুবই কম। ইউনিয়ন ভিত্তিক নলকুপ সংখ্যা বিস্তারিতভাবে পানি চ্যাপ্টারে দেওয়া হয়েছে।

হাটবাজার

গলাচিপা উপজেলা কৃষি ও মৎস প্রধান হলেও এখানে কোন বড় ধরনের শিল্প কারখানা গড়ে ওঠেনি। তবে এ উপজেলায় বেশ কয়েকটি স-মিল,আটা ময়দার মিল, ঝালাই শিল্প ও ইট ভাটা ইত্যাদি শিল্প রয়েছে। গলাচিপা উপজেলা সামুদ্রীক উপকুলিও অঞ্চল হওয়ায় এখানকার প্রায় প্রত্যেকটি হাট বাজারে মৎস চাষ,ধরার উপকন পাওয়া যায়। এই কৃষিজ শস্য বাজারজাত করতে উপজেলায় মোট ৯৪টি হাট-বাজার রয়েছে। তার মধ্যে-বাদুরা হাট, আমখোলা হাট, মুদির হাট , সিপাইর হাট, সেরন্নখার হাট, গোলখালী লিটন তাং বধের হাট, দ: বলইবুনিয়া হাট, হরিদেবপুর ফেরীঘাট হাট-বাজা, বড়গাবুয়া আবাসনের হাট, সুহরী ব্রীজ বাজা, নলুয়াবাগী স্লুইজের হাট, বড়গাবুয়া জুলেখার হাট, বোয়ালিয়া হাট,পয়য়া হাট, পানপট্টি সেন্টারের হাট, উলানিয়া হাট-বাজার, কাটাখালী হাট, পাংগাশিয়া হাট, তেতুলতলার হাট, চিকনিকান্দি হাট-বাজার,পানখালী হাট,কালারাজা হাট,কোটখালী হাট, পাতাবুনিয়া হাট, রণুয়ার হাট, মোতাহার হাং হাট। এ সব হাটবাজার থেকে প্রতি বছর প্রচুর পরিমানে ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খিসারী, তিল, সরিষা, তরমুজ, ও পান প্রভৃতি রপ্তানি করা হয়। এছাড়াও এ উপজেলায় প্রায় ৩৫ জন স্বর্ণকার, ৪৭ জন কামার, ২১০ জন কুমার, ১৭ জন ঝালাই শ্রমিক রয়েছে। *(তথ্যসূত্রঃউপজেলা ও ইউনিয়ন পরিষদ, গলাচিপা)*

১.৪.২ সামাজিক সম্পদ

একটি এলাকার বিভিন্ন সামাজিক সম্পদের সমৃদ্ধি সেই এলাকার আর্থ-সামাজিক অবস্থার উপর নির্ভরশীল। গলাচিপা উপজেলার যোগাযোগ ব্যবস্থা, ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, প্রার্থনাস্থান, খেলার মাঠ, আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ডাকঘর, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন, বনায়ন প্রভৃতি সামাজিক সম্পদ হিসেবে পরিগণিত হয়। অত্র এলাকায় অবস্থিত এনজিও সমূহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করায় তাদেরকেও সামাজিক সম্পদ হিসেবে চিহ্নিত করা হয়েছে। *(তথ্যসূত্রঃউপজেলা ও ইউনিয়ন পরিষদ, গলাচিপা)*

ঘরবাড়ি

সমুদ্র উপকুলীও অঞ্চল হওয়ায় এ উপজেলার আওতায় ঘরবাড়ি সাধারনত মাটি, গাছ, টিন, বাঁশ, ইট, গোলপাতা, খড়, মাটির টালি,ইট,বালি,রড,সিমেন্ট প্রভৃতি ব্যবহার করে নির্মাণ করা হয়। মাটির প্রকৃতি বেলে ও দোয়াশ। এ অঞ্চলে কাঠের তৈরী পাটাতন দোতলা লক্ষ্য করা য়ায়, তাছাড়া এ এলাকায় ইট, বালি, সিমেন্ট, রড দ্বারা তৈরী দালানকোঠার সংখ্যা খুবই কম। উৎপাদিত শষ্য সংরক্ষণের জন্য ঘরবাড়িগুলোর কাঠামো পাটাতন ও টপ সিস্টেমের তৈরি করা হয়ে থাকে। গলাচিপা উপজেলায় শতকরা ১.১% পাঁকা, ৩.৭% আধাপাঁকা, ৮৩.৬% কাঁচা এবং ১১.৫% ঝুপড়ি জাতীয় ঘরবাড়ি রয়েছে। *(তথ্যসূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান বুরো, ২০১১)*



	আমখোলা ১১	গোলখালি ৭২	গলাচিপা ৬৭	পানপট্টি ৭৮	রতনদি তালতলি ৯৪	ডাকুয়া ৫৫	চিকনিকান্দি ৫০	গজালিয়া ৬৯	চর কাজল ৩৯	চর বিশ্বাস ৩৭	বকুলবাড়িয়া ২২	কলাগাছিয়া ৭৫
পাকা %	০.৬	০.৬	০.৬	০.৪	০.৫	০.৪	০.৫	০.৭	০.৪	০.৬	০.৭	০.৯
আধাপাকা %	১.৮	১.৭	১.৮	২.৭	৬.	১.৬	৪.৩	১.৫	১.	০.৯	১.৬	৫.৭
কাচা%	৯৬.২	৯৩.৪	৮৯.৭	৯৩.৪	৯১.৬	৯৪.১	৯৪.১	৯৫.৭	৭৪.৭	৬২.১	৯৭.১	৯২.৫
ঝুপড়ি %	১.৪	৪.৩	৭.৮	৩.৪	১.৮	৩.৯	১.১	২.২	২৩.৯	৩৬.৪	০.৬	০.৯

গ্রাফচিত্র ১.১: বিভিন্ন প্রকৃতি অনুসারে ইউনিয়ন ও পৌরসভা ভিত্তিক ঘরবাড়ির অবস্থা। *তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১*

পানি

উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গলাচিপা এর তথ্যসুত্র মতে উপজেলার খাওয়ার পানির জন্য ৩,৬০৫টি গভির নলকুপ রয়েছে,যার মধ্যে সরকারি ভাবে বসানো ৩,৩৩০টি অন্যান্ন বেসরকারি সংস্থা কতৃক বসানো ২৭৫ টি। যার মধ্যে ৩৪ টি টিউবওয়েল নস্ট রয়েছে। এ উপজেলার মানুষ শতকরা অনুসারে ০ট্যাপ %৮., ৯৭.১টিউবওয়েল ও %২.৯অন্যান্য % উপজেলার খাওয়ার পানির উৎস হিসাবে ব্যাবহার করে থাকে। -৮৫০পজেলায় পানির বর্তমান স্তর এ উ১০০০ ফিট। পানির বর্তমান স্তর থেকে লেয়ার কম হলে এ আঞ্চলের নলকুপে লবন পানি দেখা যায়। গলাচিপা উপজেলাতে ৭৩ টি উঁচু টিউবওয়েল রয়েছে যা, বন্যা বা জলচ্ছাসের সময় ডুবে যায় না। উপজেলা জন স্বাস্থ্য প্রকৌশলি অফিসের তথ্য মতে আমখোলাতে-৩৬৩টি টিউবওয়েলের মধ্যে ৩টি নস্ট রয়েছে। গোলখালীতে ৩৫১টি সরকারি টিউবওয়েলের মধ্যে ৪টি নস্ট রয়েছে। গলাচিপাতে ৪০২টি সরকারি টিউবওয়েলের মধ্যে ৭টি নস্ট রয়েছে। রতনদীতালতলিতে ২৭৩টি সরকারি টিউবওয়েলের মধ্যে ৩টি নস্ট রয়েছে। বকুলবাড়িয়াতে ২০৩টি সরকারি টিউবওয়েলের মধ্যে ২টি নস্ট রয়েছে। গজালিয়াতে ১৯৭টি সরকারি টিউবওয়েলের মধ্যে ৩টি নস্ট রয়েছে। চিকনিকান্দিতে ২৫৩টি সরকারি টিউবওয়েলের মধ্যে ২টি নস্ট রয়েছে। ডাকুয়াতে ২৯৫টি সরকারি টিউবওয়েলের মধ্যে ২টি নস্ট রয়েছে। কলাগাছিয়াতে ২৪৯ টি সরকারি টিউবওয়েলের মধ্যে ১টি নস্ট রয়েছে। পানপট্টিতে ২২৩টি সরকারি টিউবওয়েলের মধ্যে ২টি নস্ট রয়েছ। চর কাজলে ৩৮১টি সরকারি টিউবওয়েলের মধ্যে ২টি নস্ট রয়েছে। চর বিশ্বাসে ২৫০টি সরকারি টিউবওয়েলের মধ্যে ৩টি নস্ট রয়েছে।

চিত্রঃ ১.৬: উচু টিউবয়েল,গলাচিপা

গ্রাফচিত্র ১.২: বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত বিশুদ্ধ পানি ব্যবহারকারী পরিবারের শতাংশ হার। *তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১*



	আমখোলা	গোলখালি	গলাচিপা	পানপট্টি	রতনদি তালতলি	ডাকুয়া	চিকনিকান্দি	গজালিয়া	চর কাজল	চর বিশ্বাস	বকুলবাড়িয়া	কলাগাছিয়া
	১১	৭২	৬৭	৭৮	৯৪	৫৫	৫০	৬৯	৩৯	৩৭	২২	৭৫
ট্যাপ %	০.১	০	০.৩	০	০	০	০	০.১	০.১	০.১	০	০
টিউবওয়েল %	৯৮.৭	৯৯.২	৯৮.৪	৯৯.৭	৯৭.২	৯৯.৪	৯৭.২	৯৮.৬	৯৪.৯	৯৫.৮	৯৭.৫	৯৬.৬
অন্যান্য %	১.৩	০.৮	১.৩	০.২	২.৮	০.৬	২.৮	১.৩	৫.	৪.১	২.৫	৩.৪

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গলাচিপা এর তথ্যসূত্র অনুসারে গলাচিপা উপজেলায় পয়ঃনিস্কাশনের জন্য ব্যবহার করে শতকরা ২০৬.২ ভাগ সিল্ড স্যানিটারি ল্যাট্রিন, ৫৯৯. ভাগ নন-সিল্ড স্যানিটারি ল্যাট্রিন ৩২৫.৪ ভাগ নন-স্যানিটারি ল্যাট্রিন এবং ৬৯.২ ভাগ পরিবারে স্যানিটারি ল্যাট্রিন সুবিধা বঞ্চিত। এই উপজেলার সেনিটেশন কভারেজ ৭১.৭১% তাই সঠিক পয়ঃনিস্কাশন ও স্বাস্থ্য ঝুঁকি নিশ্চিত করতে গলাচিপা উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিজ খরচে খুচরা যন্ত্রাংশ ক্রয় সাপেক্ষে নলকুপ মেরামত করে দেয়, সরকার নির্ধারিত মুল্যে স্লাব রিং বিক্রয়/সরবরাহ করে, পানিতে আর্সেনিকের মাত্রা পরীক্ষা করে (সীমিত আকারে), উপজেলা হেড কোয়ার্টারে পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ করে, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন তৈরির ব্যাপারে জনসাধারণকে পরামর্শ প্রদান করে এবং দুর্যোগকালীন সময়ে স্থানীয় প্রশাসনের সাথে সহযোগিতামুলক কার্যক্রম পরিচালনা করে থাকে।

চিত্রঃ ১.৭: সিল্ড স্যানিটারি ল্যাট্রিন,



		আমখোলা ১১	গোলখালি ৭২	গলাচিপা ৬৭	পানপট্টি ৭৮	রতনদি তালতলি ৯৪	ডাকুয়া ৫৫	চিকনিকান্দি ৫০	গজালিয়া ৬৯	চর কাজল ৩৯	চর বিশ্বাস ৩৭	বকুলবাড়িয়া ২২	কলাগাছিয়া ৭৫
পয়ঃনিস্কাশন (ওয়াটার সিল্ড) %		১৮.২	১০.৮	১৬.৭	২২.৮	৩৩.১	২১.৪	২৫.৪	১৮.৬	১১.৯	৫.৬	১০.৬	১১.১
পয়ঃনিস্কাশন	0	৬৪.৪	৩৪.১	৪০.৬	৪০.	৪৯.৯	৪০.৬	৪৬.১	৫২.৪	৩৫.৬	৫৫.৪	৭৭.৬	৬২.৩
অস্বাস্থ্যকর %		১৬.৩	৫০.২	৩৬.৮	২৪.৫	১২.৮	৩০.৫	২৬.৬	২৬.৫	৩৫.৪	৩১.৪	১০.	২৪.৪
নাই %		১.	৪.৮	৫.৯	১২.৭	৪.২	৭.৬	১.৯	২.৫	১৭.	৭.৬	১.৮	২.২

গ্রাফচিত্র ১.৩: বিভিন্ন পদ্ধতির পয়:নিষ্কাশন ব্যবস্থা ব্যবহারকারী পরিবারের পরিসংখ্যান । *তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১*

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

পটুয়াখালি জেলার গলাচিপা উপজেলার প্রায় ৩৪.৮৯% শিক্ষিত। নিম্নে পটুয়াখালি জেলারগলাচিপা উপজেলাতে ১৭৪ টি সরকারি প্রাঃবিদ্যালয়, ৫৮টি সরকারি প্রাঃবিদ্যালয়, ৪৮টিমাদ্রাসা ও ১০টি কলেজ রয়েছে। গলাচিপা উপজেলায় অন্তর্গত ইউনিয়ন সমূহের শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত তালিকা সংযুক্তি ৮-এ প্রদান করা হয়েছে।

চিত্রঃ ১.৮: চরবাংলা স্কুল কাম সেল্টার

চিত্রঃ ১.৮.১: গলাচিপা মডেল মাধ্যঃ বিদ্যাঃ কাম শেল্টার

ধর্মীয় প্রতিষ্ঠান

গলাচিপা উপজেলায় ইসলাম, সনাতন, বৌদ্ধ ইত্যাদি ধর্মের মানুষ বাস করে। এ উপজেলায় মসজিদ ১০০১ টি, মন্দির ৫০ টি, বৌদ্ধ বিহার ১০ টি, প্যাগোডা ১ টি এবং কোন গির্জা নেই। নিম্নে গলাচিপা উপজেলার ইউনিয়ন ভিত্তিক ধর্মীয় প্রতিষ্ঠান গুলির কিছু অংশ নিম্নে দেওয়া হলঃ *(তথ্যসূত্রঃ উপজেলা ও ইউনিয়ন অফিস,গলাচিপা)*

চিত্রঃ ১.৯গুবিন্দা এক গম্বুজ মসজিদ

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্)

গলাচিপা উপজেলাতে ১৯৪ টি ঈদগাঁহ্ রয়েছে। মুসলিম ধর্মের অনুসারিরা বৎসরে ২বার এক সংঘে মিলিত হয় ও জামাতে নামাজ আদায় করে। এই ঈদ গা গুলি সাধারনত কোন নিদ্রিস্ট সন্তানের খোলা ময়দান অথবা মসজিদের জামায়ত মাঠকে ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্) হিসাবে ব্যাবহার করে। নিম্নে গলাচিপা উপজেলার ঈদ গাঁ এর সংখিপ্ত আংশ তুলে ধরা হলঃ

স্বাস্থ্য সেবা

তথ্য সূত্র উপজেলা ও ইউনিয়ন পরিষদ, গলাচিপার মতে এ উপজেলাতে একটি ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল আছে। ইউনিয়ন সাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র আছে ০৯ টি, ইউনিয়ন উপ-সাস্থ্য কেন্দ্র আছে ০৪ টি, এছাড়া ইউনিয়ন ভিত্তিক ১০ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। প্রত্যন্ত গ্রাম ও দুর্গম চরাঞ্চলে স্বাস্থ্য সেবার জন্য ভালো কোন ব্যবস্থা নেই। গুটি কয়েক পল্লী চিকিৎসক এবং কবিরাজের কাছ থেকে চরের মানুষ স্বাস্থ্য সেবা পেয়ে থাকে। গলাচিপা উপজেলার চর অঞ্চলে প্রায় ২৫ হাজার মানুষের বাস। অথচ মানসম্মত স্বাস্থ্য সেবার অভাবে এখানে শিশু ও মাতৃ মৃত্যুহার অনেক বেশি। উল্লেখ্য একদিকে যেমন চর অঞ্চলের যাতায়াত ব্যবস্থা ভালো না, অন্য দিকে তেমনই কবিরাজ, ঝাড়-ফুক, লতা-পাতার উপর চর অঞ্চলের মানুষের অগাধ আস্থা থাকার ফলে গর্ভবতী মহিলা ও অসুস্থ রোগী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে আনতে আনতে পথেই অনেকের মৃত্যু ঘটে। চরের অধিবাসীদের সাধারণ ও জটিল রোগের চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে যেতে হয়, যা প্রয়োজনের সময় অর্থ ও সময় সাপেক্ষ। এলাকাবাসীর মতে বন্যার সময় ও বর্ষাকালে সাপের কামড়েও অনেক লোক মারা যায়। এছাড়াও গর্ভবতী মায়েরা স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত বিধায় বিকলাঙ্গ ও প্রতিবন্ধী শিশুর জন্ম চর অঞ্চলে দেখা যায়।

চিত্র ১.১০: উপ-সাস্থ্য কেন্দ্র,গলাচিপা

ব্যাংক

গলাচিপা উপজেলার উল্লেখযোগ্য ব্যাংকসমূহ হল- বাংলাদেশ কৃষি ব্যাংক, জনতা ব্যাংক, সোনালী ব্যাংক, অগ্রনী ব্যাংক, গ্রামীন ব্যাংক, ইসলামি ব্যাংক, কৃষি উন্নয়ন ব্যাংক ও ব্র্যাক ব্যাংক। এই উপজেলাতে মোট ১৮ টি ব্যাংক রয়েছে। *(তথ্য সূত্র, উপজেলা ও ইউনিয়ন পরিষদ, গলাচিপার)*

পোষ্ট অফিস/সাব পোষ্ট অফিস

অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি ডাক বিভাগেও আধুনিকতার ছোঁয়া বিদ্যমান। গলাচিপা উপজেলাতে পোস্ট অফিস ০১টি ও সাব-পোস্ট অফিস ২৪ টি। *(তথ্য সূত্র, উপজেলা ও ইউনিয়ন পরিষদ, গলাচিপার)*

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র/বিনোদন

গলাচিপা উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর তথ্য মতে উপজেলার বিভিন্ন ইউনিয়নে ২২ টি ক্লাব, ১ টি পাবলিক লাইব্রেরী, ১ টি প্রেস ক্লাব, ২ টি থিয়েটার, ১টি যাত্রা পার্টি, এলাকার মানুষের ৬ টি সিনেমা হল রয়েছে। *(তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন, গলাচিপা)*

বনায়ন

পটুয়াখালির গলাচিপা উপজেলাটি একটি দূর্যোগ প্রবণ অঞ্চল। প্রাকৃতিক দূর্যোগের কারণে এখানে বনাঞ্চল প্রতিবছর হ্রাস পাচ্ছে। তবে স্থানীয় লোক প্রশাসন ও এনজিও দের উদ্দ্যোগে সামাজিকভাবে বনভূমি সৃষ্টির প্রক্রিয়া চলছে। বনভূমি প্রায় শতকরা ১৭ শতাংশ। যা প্রায় ২১,৯৫২ একর। তাছাড়া মৎস অধিদপ্তর গলাচিপা উপজেলার ৩টি ইউনিয়নে ৬টি নার্সারি স্থাপন করেছে।

চিত্রঃ ১.১১. সোনার চর অভয়ারন্য চরমোন্তাজ, গলাচিপা।

এছাড়াও এনজিওদের কর্মতৎপরতার কারনে এলাকার লোকজন এখন স্থানীয় ভাবে সামাজিক বনায়নের উপর যথেষ্ঠ জোর দিয়েছে। ব্যক্তিগতভাবেও বনায়নের কাজ চলছে। *(তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন ,গলাচিপা)*

এন জি ও / স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

গলাচিপা উপজেলা দুর্যোগ ঝুকি প্রবন এলাকা হওয়ায় জনসাধারনের জীবনবিভিন্ন সময়ে বিভিন্ন যাত্রার মান উন্নতিকল্পে- এন,জি,ও এখানে তাদের কর্মকান্ড পরিচালনা করে আসছে। গলাচিপা উপজেলা পরিষদের তথ্য অনুসারে এদের মধ্যে সিসিডিপি, উল্লেখযোগ্য। পরিবার পরিকল্পনা, মাইক্রোক্রেডিট, শিমু শিক্ষা, নারী নির্যাতন, স্যানিটেশন, মাইক্রোক্রেডিট, স্যানিটেশন, দুস্থদের আইনী সহায়তা, স্বাস্থ্য সেবা, চোখের রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা, দরিদ্রদের বিনামূল্যে চিকিৎসা, মা ও শিশু স্বাস্থ্য, শিশু শিক্ষা। উল্লেখযোগ্য এনজিও গুলি হলঃ গ্রামীন ব্যাংক, আশ, কোডেক, সেভ দি চিলড্রেন, এস ডি এফ, মুসলিম এইড, ঢাকা আহছানিয়া মিশন, গ্রামীন ব্যাংক, আশ, কোডে, স্যাপ বাংলাদেশ, ও সুশীলন। *(তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন ,গলাচিপা ডিসেম্বর ২০১৩)*

খেলার মাঠ

গলাচিপা উপজেলা পরিষদের তথ্য অনুসারে এ উপজেলাতে ৫২ টি খেলার মাঠ রয়েছে। যেগুলোর মধ্যে আমখলা ইউনিয়নে ৪টি, গলাচিপা ইউনিয়নে ৭টি, গজালিয়া ইউনিয়নে ৫টি, গোলখালি ইউনিয়নে ৬টি, চিকনিকান্দী ইউনিয়নে ৮টি, রতন্দীতালতিলি ইউনিয়নে ৭টি, কলাগাছিয়া ইউনিয়নে ৫টি, চর কাজল ইউনিয়নে ৭টি চর বিশ্বাস ইউনিয়নে ৩টি এবং পৌরসভায় ৫টি মাঠ রয়েছে। এসকল খেলার মাঠ সমতল। তবে কিছু কিছু মাঠ নিচু অবস্থায় রয়েছে। চর বিশ্বাস, চর কাজল ইউনিয়নের এবং পৌরসভার কিছু কিছু মাঠ যেগুলো অতিবৃষ্টি হলে জলাবদ্ধতার সৃষ্টি করে, সেগুলো সংস্কার করে উঁচু করা হলে দুর্যোগের সময় সেগুলো গবাদিপশুর আশ্রয়স্থল হিসেবে ব্যবহার করা যেতে পারে। *(তথ্য সুত্রঃ উপজেলা ও ইউনিয়ন অফিস ,গলাচিপা)*

কবরস্থান / শ্মশানঘাট

গলাচিপা উপজেলা পরিষদের তথ্য অনুসারে গলাচিপা উপজেলাতে ৩৭ টি কবরস্থান সহ প্রায় প্রত্যেকটি খানায় কবরস্থান রয়েছে এবং ইউনিয়ন ভিত্তিক শ্মশানঘাট রয়েছে। চিকনিকান্দী, গলাচিপা,আমখোলা, ইউনিয়নের কিছু কিছু কবরস্থান জোয়ারের পানিতে ডুবে যায়। তবে নদীর তীরবর্তী গ্রাম গুলির কবরস্তান গুলি জোয়ারের পানিতে নিম্নজিত থাকে।

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

বরিশাল বিভাগ থেকে পটুয়াখালি জেলার দূরত্ব সড়ক পথে ৪৫কি.মি। পটুয়াখালি জেলা সদর থেকে গলাচিপা উপজেলা দূরত্ব সড়ক পথে ৩০কিমিঃ। গলাচিপা উপজেলার সকল ইউনিয়নেই কিছু কিছু পাকা সড়ক রয়েছে উপজেলা সদর থেকে সকল ইউনিয়ন পরিষদে সরাসরি পাকা রাস্তার সংযোগ রয়েছে। ফলে পথে বাস, রিক্সা, টেম্পু, মহেন্দ্র, মটরসাইকেল, চলাচল করে এবং মালপত্র পরিবহনের জন্য ও ট্রাক্টর, লরি ইত্যাদি চলাচল করে। গলাচিপা উপজেলায় কাঁচ, পাঁকা, ইটের রাস্তা সহ মোট রাস্তা ৪৩৯ টি যার মোট দৈঘ্য ১৭৫৭.৩৫ কি:মি:। তাঁর মধ্যে এ উপজেলায় ০৬ টি উপজেলা রাস্তা রয়েছে যার দৈঘ্য ৯৫.০৭ কিমিঃ,ইউনিয়ন রাস্তা রয়েছে ৩০টি যার দৈর্ঘ্য ২৭৪.০৬ কিঃমিঃ,ভিলেজ রাস্তা (এ) রয়েছ ১৯৯টি যার দৈর্ঘ্য ৮৩৮.৮৬ কি:মি:, ভিলেজ রাস্তা (বি) রয়েছে ২০৪টি যার দৈর্ঘ্য ৫৪৮.৭৩কি:মি:। তাছাড়া এ উপজেলায় ৩৯৬টি ব্রীজ ১৩৫টি কালভার ও ০৫টি নদী রয়েছে। *(তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন ,গলাচিপা ডিসেম্বর ২০১৩)*

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

জলবায়ু বলতে কোন নির্দিষ্ট অঞ্চলের নির্দিষ্ট সময়ের বৃষ্টিপাত, তাপমাত্রা, তুষারপাত, শিশিরপাত, শিলাবৃষ্টি, কুয়াশা ও আর্দ্রতা সম্বলিত গড় আবহাওয়াকে বুঝায়। বৃষ্টিপাত ও তাপমাত্রার পরিমাণ প্রাকৃতিকভাবে জন্মানো উদ্ভিদ ও আবাদি ফসলের ধরণ নির্ধারণ করে। তাই ঋতুভেদে বিভিন্ন ফসল বিভিন্ন অঞ্চলে জন্মায়। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে বৃষ্টিপাত হয়। জলবায়ুর উপাত্ত বিশ্লেষণে দেখাযায় যে, বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মত এ উপজেলায়ও ক্রান্তিয় মৌসুমী জলবায়ুর অন্তর্গত। এখানে ষড়ঋতুর মধ্যে প্রধানত তিনটি মৌসুম জোরালো ভাবে পরিলক্ষিত হয়। বর্ষা মৌসুম সাধারণত মে হতে অক্টোবর মাস পর্যন্ত স্থায়ী হয়। শতকরা প্রায় ৯১ ভাগ বর্ষণ এ সময় হয়। বঙ্গোপসাগরে নিম্নচাপের প্রকোপ প্রধানত মে-নভেম্বর মাসে বেশী হয়। কোন কোন বছর এ অঞ্চল ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছাসে আক্রান্ত হয়ে থাকে। শীতকাল আরম্ভ হয় নভেম্বরে এবং শেষ হয় ফেব্রুয়ারি মাসে। এ মৌসুম অত্যন্ত শুষ্ক ও শীতল, কখনও কখনও সামান্য বৃষ্টিপাত হয়। মার্চ ও এপ্রিল মাসকে গ্রীষ্ম বা প্রাক বর্ষাকাল বলে

গণ্য করা হয়। এ সময় বাতাস খুবই উত্তপ্ত হয় এবং বাতাসে জলীয় বাস্প খুবই কম থাকে। মাঝে মাঝে বর্ষণসহ ঝড় বা দমকা বাতাস বইতে থাকে। একে 'কালবৈশাখী' বলা হয়। এ সময় শিলাবৃষ্টিও হয়ে থাকে।

বৃষ্টিপাতের ধারা

বৃষ্টিপাতের বিশ্লেষণে দেখা যায় যে, গলাচিপা উপজেলায় ২০১৩ সালে গড় বৃষ্টিপাত হয় ২৮৩০মি.মি.। ২০১৩ সালের সর্বোচ্চ বৃষ্টিপাত হয় জুলাই মাসে ৬০০ মি.মি. এবং সর্বনিম্ন বৃষ্টিপাত হয় জানুয়ারি মাসে ১৩ মি.মি.।শীতকালে গড় বৃষ্টিপাত ১১ মিলি মিটার, যা ঐ সময়ের বাস্পীভবনের পরিমাণের চেয়ে কম। দীর্ঘ মেয়াদী পরিসংখ্যানে আরো দেখাযায় যে, বছরে শীত মৌসুমে ৪/৫ মাস প্রায় শুষ্ক থাকে, আবার বর্ষা মৌসুমে কোন মাসে মাত্রাধিক বৃষ্টিপাত হয়। নভেম্বর হতে মার্চ মাস পর্যন্ত বৃষ্টিপাতের মাসিক হার ৭৫মিঃমিঃ এর কম বিধায় এ মাস গুলোকে শুস্ক মাস বলা চলে। গড় বৃষ্টিপাত ও তাপমাত্রা যথাক্রমে নীচে দেখানো হলো- গলাচিপা উপজেলার আবহাওয়া পটুয়াখালী কেন্দ্রের আবহাওয়ার প্রায় অনুরূপ হবে বলে ধরা যায়।

পটুয়াখালী আবহাওয়া কেন্দ্রের দীর্ঘমেয়াদী গড় বৃষ্টিপাত (মিলিমিটার)

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	বাৎসরিক
বৃষ্টিপাত	১৩	১৬	৪৮	১০৯	২৭৪	৫৭৯	৬০০	৫২৪	৪০১	১৭৭	৬২	২০	২৮২৩

মৌসুম	**মৌসুমের গড় বৃষ্টিপাত**
রবি মৌসুম (নভেম্বর- ফেব্রুয়ারি)	১১১
প্রাক-খরিপ মৌসুম (র্মাচ-মে)	৪৩১
খরিপ মৌসুম (জুন-অক্টোবর)	২,২৮১

তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন, গলাচিপা ডিসেম্বর ২০১৩।

তাপমাত্রা

গলাচিপা উপজেলায় ডিসেম্বর ও জানুয়ারী মাসের গড় তাপমাত্রা থাকে ৮-১০ ডিগ্রী সেলসিয়াস এবং এপ্রিল, মে মাসে তাপমাত্রা থাকে সর্বোচ্চ ৪১ডিগ্রী সেলসিয়াস । শীত ও গ্রীষ্মে এই জেলার তাপমাত্রায় যথেষ্ট হ্রাসবৃদ্ধি ঘটে। পটুয়াখালী আবহাওয়া কেন্দ্রের দীর্ঘমেয়াদী গড় তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	বাৎসরিক
তাপ মাত্রা	১৯.০	২১.৮	২৬.২	২৭.৯	২৮.৮	২৮.২	২৭.৪	২৭.৫	২৭.৪	২৭.৭	২৪.৯	২০.৬	২৫.৬

তথ্য সুত্রঃ উপজেলা তথ্য বাতায়ন, গলাচিপাডিসেম্বর ২০১৩

ভূ-গর্ভস্থ পানির স্তর

ভূমিরূপের ক্রমবর্ধমান পরিবর্তন, ভূ-গর্ভস্থ পানির অপরিকল্পিত ব্যবহার এবং জনসংখ্যার দ্রুত বৃদ্ধি অত্র এলাকার ভূ-প্রকৃতির ক্রমাবনতি ঘটিয়ে চলেছে। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ লক্ষনগুলো এখনই স্পষ্ট হতে শুরু করেছে। এই অঞ্চলের জলবায়ুগত পরিবেশের বর্তমান পরিস্থিতি কোন ভাবেই অনুকুল নয় বরং ক্রমেই তা ভয়ংকর রূপ ধারন করছে। বৃষ্টিপাতের ধারা আশংকাজনক হারে কমে যাওয়া, দিনের বেলা উত্তপ্ত আবহাওয়া একই সাথে রাতের শেষভাগে অধিকতর ঠান্ডা হয়ে আসা পরিবেশের ভারসাম্যহীনতার বহিঃপ্রকাশ মাত্র। যার প্রভাব ভূ-গর্ভস্থ পানির স্তরকেও প্রভাবিত করেছে। অত্র এলাকার ভূ-গর্ভস্থ পানির পুনঃযোজনের প্রধান অবলম্বন বৃষ্টিপাত না হওয়া আবার কখনো কখনো বৃদ্ধি পাওয়া এবং একই সাথে নদীতে পানি বেড়ে যাওয়া ও বনভূমির আয়তন হ্রাস পাওয়ার কারণে জলবায়ুর পরিবর্তন তথা অনাবৃষ্টি ও মরুকরণ পরিস্থিতি এই অঞ্চলের ভূ-গর্ভস্থ পানির পুনঃযোজন প্রক্রিয়ার প্রধান অন্তরায়। গলাচিপা উপজেলাটি পটুয়াখালি জেলার দক্ষিন পশ্চিমে অবস্তিত উপজেলার ভূ-গর্ভস্থ পানির স্তর ৮৫০ থেকে ১০০০ ফুট বা ২৮৫ মিটার। *(তথ্য সুত্রঃ উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশলী অফিস, গলাচিপা)*

১ ৪.৪.অন্যান্য সম্পদ

ভূমি ও ভূমির ব্যবহার

উপজেলার ভূভাগ সমতল থেকে কিছুটা অসমতল পলল ভূমির ডাংগা ও বিল নিয়ে গঠিত। এ উপজেলাকে প্রধানতঃ দু'টি ভূ-প্রাকৃতিক অঞ্চলে ভাগ করা হয়েছে। যথাঃ (ক) কটাল পলল ভূমি এবং (খ) মেঘনা পলল ভূমি। উপজেলার মোট নীট ফসলী জমির পরিমান ৬৯,৫০০ হেক্টর,যার মধ্যে মোট ফসলী জমি ৩৩,৫০০ হেক্টর। এর মধ্যে এক ফসলী জমি ৯৫০৩ হেক্টর, দুই ফসলী জমি ১১৩১৮ হেক্টর এবং তিন ফসলী জমি ১২৬৭৯ হেক্টর, মোট চরের সংখ্যা ও চর এলাকা ৫২ টি ৬৪,৪৭৮.২৪ একর, বর্তমানে বন্দোবস্তযোগ্য খাস জমির পরিমান ৭৯৮.৯৬ একর, বন এলাকা ২১,৯৫২.০০ একর। (*তথ্য সুত্রঃ উপজেলা কৃষি অফিস, গলাচিপা*)

কৃষি ও খাদ্য

প্রধান উৎপন্ন ফসল ধান, চিনাবাদাম, মিষ্টি আলু, মরিচ, খিসারী, তিল, সরিষা, তরমুজ, ও পান। গলাচিপার উৎপাদিত মরিচ স্থানীয় বাজারে চাহিদা পূরন করে ঢাকার বাজারে ও প্রেরন করা হয়। তাছাড়া শীতকালীন শাক সব্জী, তরমুজ, পান, চিড়া, মুড়ি, ও গুড় ব্যবসায়ীক উদ্দেশে অন্যান্ন জেলায় প্রেরন করা হয়। উপজেলা কৃষি অফিসের তথ্য মতে এ অঞ্চলের ফসলের নিবিড়তা ২১০%, কৃষি জমির পরিমান ১ ফসলি-৯,৫০৩ হেক্টর, ২ ফসলি-১১,৩১৮ হেক্টর, ৩ ফসলি-১২৬৭৯ হেক্টর। উপজেলার মোট জমির পরিমান ৬৯,৫০০ হেক্টর ২০১৩-২০১৪ অর্থো বছরে ধান- ১,৫০,০০০ মেঃটন, তিল- ৩২০০ মেঃটন, ফেলন-৪২০০ মেঃটন,তরমুজ ৭২০০ মেঃটন, ফুট-১২৫০ মেঃটন, খিরাই-১০০০মেঃটন, মরিচ-৩৫০১মেঃটন, খেসারী-৫০৫০মেঃটন ও মুগ-৬৬০০ মেঃটণ ফসল উৎপাদন হয়েছে। গলাচিপা মৎস অফিসের তথ্য মতে উপজেলায় ৯০% পুকুরে মৎস্য চাষ করা হয়। বর্ধিত জনসংখ্যার চাহিদা মেটানোর জন্য পুকুরে মৎস্য চাষ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ১৫ ডেসিমল মাপের পুকুরে একজন চাষী বছরে ১০,০০০-৩০০০০ টাকা এবং ৬৮ ডেসিমল মাপের পুকুরে একজন চাষী বছরে ১,০০,০০০-২,০০,০০০ টাকা লাভ করতে পারে। গলাচিপা উপজেলা কৃষি ও মৎস অফিস এর তথ্য মতে উপজেলায় মোট পুকুর সংখ্যা আনুমানিক ৩০,০০০টি। এই বিপুল সম্ভাবনা মাছ উৎপাদনের জন্য সক্ষম। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই গলাচিপা উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়। এ উপজেলায় ২৫টি দুগ্ধজাত গবাদিপশুর খামার রয়েছে। *(তথ্য সুত্রঃ উপজেলা কৃষি অফিস, গলাচিপা)*

চিত্রঃ১.১২ উপজেলার একটি কৃষিক্ষেত ,গলাচিপা

নদী

বাংলাদেশ একটি নদী মাত্রিক দেশ। এদেশের প্রতিটি অঞ্চলে জালের মত ছড়িয়ে আছে অসংখ্য নদ-নদী। নদী বিধৌত গলাচিপা উপজেলাতে ছোট ৩টি বড় ৫ টি মিলিয়ে ৮ টি নদী রয়েছে। গলাচিপা উপেজলার দক্ষিণে আগুনমুখা নদী ও পূর্বে বুড়াগৌরঙ্গা নদী। ছাড়া গলাচিপা উপজেলার উল্লেখযোগ্য নদীগুলো হলো রাবনাবাদ, তেঁতুলিয়া, আগুনমুখা, দাড়চিরা, চরকারফারমা নদী, বোয়ালিয়া নদী, বুড়াগোরাঙ্গো ও কাজল নদী ইত্যাদি নামে পরিচিত। এছাড়া গলাচিপা উপজেলার বিভিন্ন ইউনিয়নের মধ্য যে নদী গুলি বয়ে গ্যাছে, চিকনিকান্দী ইউনিয়নের দক্ষিন ও পূর্বদিকে বুড়াগোরাঙ্গা নদী। কলাগাছিয়া ইউনিয়ের লোহালিয়া নদী, খারিজ্জমা নদী, কল্যানকল, কলাগাছিয়া নদী। ইউনিয়ন ও উপজেলা পরিষদ অফিস, গলাচিপা এর তথ্য মতে আমখোলা ইউনিয়নের অভ্যান্তরে কোন নদী নেই, তবে ইউনিয়নটি ইচাদী নদীর পশ্চিম

চিত্রঃ ১.১৩ আগুনমুখা নদী, গলাচিপা

পাড়ে অবস্থিত। গলাচিপা ইউনিয়নের মধ্যে রয়েছে চরকারফারমা নদী, রামনাবাদ নদী। গোলখালী ইউনিয়ন টি রমনা বাদ নদীটির তীরে অবস্থিত। চরকাজল ইউনিয়নের মধ্য রয়েছে বুরাগৌরঙ্গা ও তেতুলিয়া নদী। চর বিশ্বাস ইউনিয়ন টি বুরগৈরঙ্গা নদীটির তীরে অবস্থিত। ডাকুয়া ইউনিয়নের ৪নং, ৫নং, ৬নং, ও ৯নং ওয়ার্ডের পাশ দিয়ে বয়ে গেছে রামনা বাদ নদী। রতনদী তালতলী ইউনিয়ন দক্ষিন ও পূর্বদিকে বুড়াগোরাঙ্গা নদীর তীরে অবস্থিত। পানপট্টি ইউনিয়ন টি আগুনমুখা নদীটির তীরে অবস্থিত।

খাল

উপজেলা মৎস অফিস ও উপজেলা পরিষদ অফিস গলাচিপার তথ্য মতে উপজেলাতে ছোট বড় মিলিয়ে ২৩ টি খাল রয়েছে,যার মধ্যে বাশবুনিয়া খাল, মুশুরিকাঠি খাল, দড়িবাহেরচর খাল, বাউরিয়া খাল, পীরাভুতা খাল, বোয়ালিয়া খাল, অক্কারাম খাল, সোতার খাল, পক্ষিয়া মধ্য খাল, রতনদী কালিকাপুর খাল, লোন্দার খাল, পক্ষিয়া নলবুনিয়ার খাল, পক্ষিয়ার মৌজার শরীর খাল, পক্ষিয়ার নজুয়ার খাল, ধোপাখালীর খাল, গজালিয়া খাল, ইচাদী খাল, হরিদেবপুর খাল, গজালিয়া চিকনিকান্দি ভাড়ানি খাল, বুরাগৌরঙ্গা, তেতুলিয়া, চর কপাল বেড়া খাল, মাইয়ার চর খাল ইত্যাদি উল্লেখ যোগ্য।

চিত্রঃ ১.১৪ বোয়ালিয়া খাল

পুকুর

গলাচিপা মৎস্য অফিসের তথ্য মতে এ উপজেলার পুকুরের সঠিক তথ্য নিরুপন করা সম্ভব নয়। প্রত্যেকটি খানায় ১টি অথবা ২টি করে পুকুর রয়েছে। তাই আনুমানিক হিসাবে মোট পুকুর সংখ্যা প্রায় ৩০,০০০ টি। এ উপজেলায় মৎস্য চাষের ক্ষেত্রে ব্যবসায়ীক উদ্দেশ্যে ১০%এবং পারিবারিক চাহিদা মেটাতে ৯০%পুকুর ব্যবহার করা হয়।

চিত্রঃ ১.১৫ পুকুরে মৎস্য চাষ

লবণাক্ততা

উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশলী অফিস, গলাচিপা এর তথ্য অনুসারে গলাচিপা উপজেলাতে সাভাবিক সময়ে লবনাক্ততা স্বাভাবিক সময়ে সহনীয় মাত্রায় হলেও বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগের সময় অন্যান্য ক্ষেত্রে ব্যাপক ধ্বংসাত্বক প্রভাব খুব একটা পরিলক্ষিত হয় না। তবে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলচ্ছাস ও বন্যার কারনে কৃষি জমিতে লবনাক্ততা বেড়ে গিয়ে ফসলের ব্যাপক ক্ষতি হয়। এ উপজেলাতে লবনাক্ততা সহনিয় পর্যায়ে রয়েছে।

আর্সেনিক দুষণ

উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশলী অফিস, গলাচিপার তথ্য মতে এই উপজেলার আর্সেনিক প্রবনতা ০% এ অঞ্চলের আঞ্চলিক গবেষনাগার সমূহে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে নলকূপের পানির আর্সেনিক, ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা ও বিভিন্ন ধরনের বায়োলজিক্যাল পরীক্ষা করা হয় হলেও আর্সেনিকের মাত্রা সহনশীল পর্যায়ে রয়েছে।


Legend
International Boundary
District Boundary
Upazila Boundary
Union Boundary
Amkhola
Bakulbaria
Char Biswas
Char Kajal
Chiknikandi
Dakua
Gajalia
Galachipa
Golkhali
Panpatty
Ratandi Taltali
Upazila
Union
National Highways
Regional Highways
Zilla Road
Upazila Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Village Road A (Pucca)
Village Road A (Katcha)
Village Road B (Pucca)
Village Road B (Katcha)
Railway Network
Embankment
Small River or Khal
Forest
Settlement
Water Bodies
Wide River with Sandy Area
Bakulbaria
Amkhola
Gajalia
Chiknikandi
Ratandi Taltali
Golkhali
GALACHIPA
Dakua
Galachipa
Panpatty
Char Kajal
Char Biswas
N
4 2 0 4 8
Kilometers

দ্বিতীয় অধ্যায়
দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

চিত্র ২.১ উপজেলা দুর্যোগের সামগ্রিক ইতিহাস

দুযোগ হল একটি মারাত্বক পরিস্থিতি যা প্রকৃতি বা মানব সৃস্ঠ আপদের ফল দেখা দেয়। সাধারন অর্থে দুর্যোগ বলতে আপদ বোঝায় কিন্তু সব আপদই দুর্যোগ নয়। আপদ ও বিপাদাপন্নতা এ দুটি উপাদান একত্রে হলেই তাকে দুর্যোগ বলে। বাংলাদেশের দক্ষিন প্রান্তে অবস্থিত পটুয়াখালি জেলার একটি উপজেলা হওয়ায়, গলাচিপা উপজেলাটি বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ শিকার হয়। এই উপজেলার আয়তন ১২৬৮ বর্গমাইল, যেখানে ২,৮৬,৩০৭ জন মানুষ বসবাস করে। বঙ্গাপ্রসাগরের উপকুলবর্তী অঞ্চল হওয়ায় নিচুভুমি ও সমুদ্র হতে অরক্ষিত। বঙ্গাপ্রসাগরের আকৃতি অনেকটা ত্রিভুজ এর মত। শীর্ষ ভাগে রয়েছে বাংলাদেশের সম্পুর্ন উপকুলীয় অঞ্চল সুতারং অন্যান্ন উপকুলীয় অঞ্চলের মত গলাচিপা উপজেলার ঝুকি অনেক বেশি। কালবৈশাখী ঝড়, জলচ্ছাস, সাইক্লোন, টর্নেডো, অনিয়মিত বৃষ্টিপাত, নদীভাঙ্গান, শৈত্যপ্রবাহ, এই অঞ্চল প্রধান দূর্যোগ। প্রায় প্রতিবছরই উল্লিখিত দুর্যোগসমূহ দেশের কোন না কোন অঞ্চলে আঘাত হেনে জানমালের ব্যাপক ক্ষতি সাধন করে। সার্বিক দুর্যোগের ইতিহাস বিশ্লেষণ করলে দেখা যায়, পূর্বে ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮-১৯৯৮ এবং ২০০৭, ২০০৯ ও ২০১৩ সালে গলাচিপা উপজেলার ব্যাপক বন্যা ও জলোচ্ছাস হয়। ১৫ নভেম্বর, ২০০৭ সালে সিডর বাংলাদেশের ১২টি জেলায় বেশি আঘাত হানে যার মধ্যে চারটি জেলা বেশি ক্ষতিগ্রস্থ হয়। পটুয়াখালি জেলা তার মধ্যে অন্যতম। সিডরে এ জেলায় ৪৫৭ জন লোক মারা যায়। তাছাড়া এলাকার বনায়ন, ফসলী জমিসহ ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়। ২৫ মে, ২০০৯ সালে আইলায় পটুয়াখালিতে ৭,৮১,৯২৬ জন আইলার শিকার হয়, যার মধ্যে কেবল গলাচিপা উপজেলাতেই শিকার হয় ১,৭৬,৭৯৪ জন। বিশেষকরে গলাচিপার দক্ষিন অংশের গ্রামগুলির বাঁধ ভেঙ্গে লবনাক্ত সামুদ্রিক পানিতে প্লাবিত হয়ে জলাবদ্ধতার সৃষ্টি হয় ও কৃষিজমির ফসলের ব্যাপক ক্ষতি হয়। সবচেয়ে বেশি প্লাবিত হয় গলাচিপার চর বড়বাঁশদিয়া। ২০১৩ সালে মহাসেন ঝড়ের আঘাতে এ এলাকায় ব্যাপক ক্ষতি হয়েছে। এসব দুর্যোগের কারণে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, অবকাঠামো, পশুসম্পদ ও জীববৈচিত্রসহ অন্যান্য কর্মকান্ড মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও জলবায়ু পরিবরতিনের ফলে হঠাৎ করে তেতুলিয়া নদীর পানি বৃদ্ধি পেয়ে চরাঞ্চলের প্রায় ২০০০টি পরিবারকে গৃহহারা হতে হয়। এছাড়া প্রতিবছর জলোচ্ছাসের কারণে ফসলী জমির এবং দরিদ্র মানুষের ব্যপক ক্ষতি হয়েছে। জনগনের মাথাপিছু আয় কমেছে, বেড়েছে দারিদ্রতা ও বাড়ছে মানুষের স্বাস্থ্যহানির প্রবনতা,তাছাড়া বৃক্ষনিধন, জনসংখ্যা বৃদ্ধি ও পরিবেশের ভারসাম্যহীনতার কারণে গলাচিপা উপজেলা দুর্যোগ কবলিত হতে পারে। দুর্যোগে ক্ষতির পরিমাণ, ঘটার সময়কাল এবং ক্ষতিগ্রস্ত খাতসমূহ ছক আকারে নিম্নে টেবিলে দেয়া হলো:

টেবিল ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও ক্ষতিগ্রস্থ ক্ষাতসমূহ।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন কোন খাত /উপাদান ক্ষতিগ্রস্থ হয়
ঘূর্ণীঝড়	১৯৭৬, ১৯৭৯, ১৯৮৯, ২০১০, ২০১১, ২০১২	বেশি	কৃষি সম্পদ, স্বাস্থ্য সেবা
	১৯৯২, ১৯৯৬, ১৯৯৯, ২০০৪, ২০০৫, ২০০৭,	মাঝারী	মৎস্য, গবাদিপশু
জলচ্ছাস	২০১৩	বেশি	মৎস্য, স্বাস্থ্য খাত, অবকাঠামো, যোগাযোগ
	১৯৮৮, ১৯৯৮	মাঝারী	কৃষি সম্পদ, প্রানীসম্পদ
বন্যা	১৯৮৮, ১৯৯২, ২০০৯, ২০১১, ২০১৪	বেশি	কৃষি, মানব সম্পদ, অবকাঠামো
	১৯৯৫, ১৯৯৭, ২০০৪, ২০০৬,	মাঝারী	মৎস্য, প্রানীসম্পদ, যোগাযোগ
নদীভাঙ্গন	১৯৮৮, ১৯৯৮, ১৯৯৯, ২০১৩	বেশি	কৃষি, অবকাঠামো, রাস্তাঘাট ইত্যাদি
	২০০০, ২০০৪, ২০০৫, ২০০৬,	মাঝারী	মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ,
কালবৈশাখী	১৯৮৮, ১৯৯১, ১৯৯২, ১৯৯৫,	বেশি	কৃষি, অবকাঠামো, রাস্তাঘাট ইত্যাদি
	১৯৯৭, ২০০২ ও ২০০৫	মাঝারী	মৎস্য, গবাদিপশু

তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন অফিস, গলাচিপা, ২০১৪

২.২ ইউনিয়নের আপদ সমূহ

গলাচিপা উপজেলাটি কৃষি নির্ভরও সমুদ্র উপকুলিয় নিকটবর্তী অঞ্চল হওয়ায় এ উপজেলায় বসবাসকারীদের বেশী বেশী দূর্যোগ মোকাবিলা করতে হয় উপজেলার ইউনিয়ন ও পৌরসভায় বিভিন্ন ক্ষেত্রে ভিন্ন ভিন্ন আপদ প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে ক্ষতি করে থাকে। এর মধ্যে যেমন প্রকৃতি সৃষ্ট আপদ রয়েছে তেমনই মানব সৃষ্ট আপদও রয়েছে। স্থানীয় সাধারণ জনগণের সাথে সাথে গণ্যমান্য ব্যক্তিবর্গের মতামতের উপর ভিত্তি করে সকল আপদের মধ্য থাকে ৭ টি আপদ বাছাই করা হয়েছে। এলাকাবাসী মনে করে এই ৭টি আপদের ফলে প্রতিবছর তাদের সর্বাধিক ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হছে এবং দিন দিন এর প্রভাব তীব্রতর হচ্ছে। সুতরাং এখন থেকে যদি কালবিলম্ব না করে কার্যকরী পদক্ষেপ নেওয়া না হয় তাহলে ভবিষ্যৎ প্রজন্মকে অমানবিক পরিস্থিতির সম্মুখীন হতে হবে। অগ্রাধিকার ভিত্তিতে আপদ নিম্নে দেওয়া হল:

টেবিল ২আপদ ও আপদের অগ্রাধিকার :২.

উপজেলার সকল ইউনিয়নের সম্মিলিত আপদ সমূহ		উপজেলার চিহ্নিত আপদ সমূহ ও আপদের অগ্রাধিকার
প্রকৃতি সৃষ্ট আপদ		১. ঘূর্ণি ঝড় ২. জলোচ্ছাস ৩. বন্যা ৪. নদী ভাঙ্গন ৫. কালবৈশাখী ৬.অনিয়মিত বৃষ্টিপাত ৭.খরা
১. তাপদাহ	১২. ভূমিকম্প	
২. বন্যা	১৩. ঘূর্ণি ঝড়	
৩. পানির স্তর	১৪. জলাবদ্ধতা	
৪. অতিবৃষ্টি	১৫. অনিয়মিত বৃষ্টিপাত	
৫. শৈত্যপ্রবাহ	১৬. টর্নেডো	
৬. খরা	১৭. শিলাবৃষ্টি	
৭. নদীভাঙ্গন	১৮. বজ্রপাত	
৮. ঘনকুয়াশা	১৯. ইঁদুরের আক্রমণ	
৯. জলোচ্ছাস	২০. ফসলে পোকার আক্রমণ	
১০. আর্সেনিক	২১.।লবনাক্ততা	
মানবসৃষ্ট আপদ		
২২. অগ্নিকান্ড	২৪. ভূমি দখল	
২৩. অপরিকল্পিত অবকাঠামো স্থাপন		

তথ্যসূত্র: উপজেলা ও ইউনিয়ন অফিস, গলাচিপা, ২০১৪

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্রের বিস্তারিত বর্ননা

১.ঘূর্ণি ঝড়

পটুয়াখালির গলাচিপা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর ঘূর্ণি ঝড় হলেও ২৩শে মে ২০০৪, ১১ই সেপ্টেম্বর ২০০৪, ১১ই মাচ ২০০৫, ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯, ৮ই অক্টোবার ২০১০, ১৬ই জুন ২০১১ সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক।

চিত্র ২.২: ঘূর্ণি ঝড়ে বিদ্ধস্ত উপজেলার একটি গ্রাম।

২.জলোচ্ছাস

পটুয়াখালির গলাচিপা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত।এখানে আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে.আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। প্রতি বছর জলোচ্ছাস হলেও ১৯শে সেপ্টেম্বর২০০৬,১৫ই নভেম্বর ২০০৭, ১৫ই নভেম্বর ২০০৮,২৫শে মে ২০০৯ও ১৬ই জুন ২০১১ সালের জলোচ্ছাস ছিলো ব্যপক।

চিত্র ২.৩: জলোচ্ছাসে প্লাবিত উপজেলার একটি গ্রাম।

৩.বন্যা

পটুয়াখালির গলাচিপা উপজেলা ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত বন্যা অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে কোন ফসল চাষ করা যায় না। প্রতি বছর বন্যা হলেও ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮ ১৯৮৮,১৯৯৮ এবং ২০০৪ সালের বন্যা ছিলো ব্যাপক।

চিত্র ২.৪: বন্যা প্লাবিত গ্রামবাসির দুর্ভোগ

৪.কালবৈশাখী

১৫-২০ বছর পূর্বে এ এলাকায় কালবৈশাখী ঝড় স্বাভাবিক মাত্রায় ছিলো। কিন্তু ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে।প্রতি বছর পটুয়াখালির গলাচিপা উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হলেও ১৯৮৮, ১৯৯১, ১৯৯২, ১৯৯৫, ১৯৯৭ ও ২০০৫ সালের কালবৈশাখী ছিলো উল্লেখযোগ্য।

চিত্র ২.৫: ভয়াবহ কালবৈশাখী ঝড়ে বিধস্ত এলাকা।

৫.নদী ভাঙ্গন

গলাচিপা উপজেলার প্রতিটি অঞ্চলে জালের মত ছড়িয়ে আছে অসংখ্য ছোট বড় নদ-নদী। নদী বিধৌত এ উপজেলাতে ছোট বড় মিলিয়ে ৮টি নদী রয়েছ। ছাড়া গলাচিপা উপজেলার উল্লেখযোগ্য নদীগুলো হলো রাবনাবাদ, তেঁতুলিয়া, আগুনমুখা, দাড়চিরা, চরকারফারমা নদী, বোয়ালিয়া নদী, বুড়াগোরাঙ্গো ও কাজল নদী ইত্যাদি নামে পরিচিত। পটুয়াখালির গলাচিপা উপজিলার নদীর তীরবর্তী গ্রাম,ইউনিয়ন গুলি বেশী ক্ষতিগ্রস্ত হয়। এ উপজেলায় নদি ভাঙ্গনকে একাটি বড় আপদ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই আপদের কারনে গলাচিপা উপজেলার মানুশের শত শত একর ফসলি জমি এবং চর অঞ্চলের বসবাসরত মানুষের বসতবাড়ি জমি

চিত্র ২.৬: নদী ভাঙ্গন

নদি গর্ভে চলে যায়। যার ফলে তারা গৃহহীন হয়ে পরে। প্রতি বছর নদি ভাঙ্গনের কারনে চর অঞ্চল লোকজনকে দুর্বিসহ জীবন কাটাতে হয়। ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮ , ২০০৪, ২০০৮,এবং ২০০৯ সালের নদী ভাঙ্গন ছিল ব্যাপক।

অনিয়মিত বৃষ্টিপাত

পটুয়াখালির গলাচিপা উপজেলায় অনিয়মিত বৃষ্টিপাত একাটি নতুন আপদ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই আপদের কারনে গলাচিপা উপজেলার মানুষের ফসলি জমির ফসলের ব্যাপক ক্ষতি হয়। ।প্রতি বছর অনিয়মিত বৃষ্টিপাত কারনে এ অঞ্চল লোকজনকে চরম দুর্ভোগে জীবন কাটাতে হয়। অনিয়মিত বৃষ্টিপাতের ফলে আবাদী জমির ফসল উৎপাদন ব্যহত হয়।

খরা

ফাল্গুন, চৈত্র, বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে খরা হয়। পটুয়াখালির গলাচিপা উপজেলায় খরাকে একাটি আপদ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই আপদের কারনে গলাচিপা উপজেলার মানুষের ফসলি জমির, মানব সম্পদ, মৎস সম্পদ, পশু সম্পদের ক্ষতি সহ খাবার পানির অভাব দেখা দেয়। তাছাড়া নদী, খাল, বিল, পুকুর শুকিয়ে কৃষি জমির সেচ ব্যাবস্থায় বাঁধা গ্রস্ত সহ মৎস সম্পদের ব্যাপক ক্ষতি হয়। অনেক সময় টিউবয়েল গুলোতে পানি পাওয়া য়ায় না। প্রতি বছর খরার কারনে এ অঞ্চল লোকজনকে চরম দুর্ভোগে জীবন কাটাতে হয়। এই উপজেলায় বিগত কয়েক বছরে আষাঢ় শ্রাবন-মাসে ও পরিমান মত বৃষ্টি না হয়ার ফলে খরায় ক্ষতির পরিমান বৃদ্ধি পাচ্ছে। এ খরার পরিমান দিনের পর দিন বৃদ্ধি পেতে থাকলে অদূর ভবিষ্যতে এ উপজেলায় পরিবেশের বিপর্যয় দেখা দিতে পারে।

চিত্র ২.৭ উপজেলার খরা চিত্র।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

গলাচিপা উপজেলার ঘূর্ণি ঝড়, জলোচ্ছাস, বন্যা, নদীভাঙ্গন, কালবৈশাখী, অনিয়মিত বৃষ্টিপাত, প্রভৃতি আপদ গুলোর প্রভাবে প্রভাবে বিপদাপন্ন হচ্ছে উপজেলার প্রায় ২,৫৮,৫২৫ জন জন জনগোষ্ঠী। এছাড়াও এছাড়াও প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামো গুলো বিপদাপন্নের বাইরে নয়। তাই এই বিপদাপন্ন জনগোষ্ঠী তাদের নিজস্ব পদ্ধতি ব্যবহার করে সক্ষমতা অর্জনের চেষ্টা করে চলেছে প্রতিনিয়ত। এখানে বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা,

যা দুর্যোগের ক্ষয়ক্তির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে এবং সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে। কোন কোন এলাকা কি কি কারনে কিভাবে বিপদাপন্ন তা সংক্ষিপ্ত ভাবে নিম্নে দেখানো হল:-

টেবিল ২.৩ . বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
ঘূর্ণি ঝড়	-বন্যায় ফসলের ক্ষতি হয় -যোগাযোগের কষ্ট হয় -কবর স্থান ডুবে যায়। -মানবসম্পদের ক্ষতি হয় -অবকাঠামোর ক্ষতি হয়। -মৎস্যসম্পদের ক্ষতি হয -খাবার পানির অভাব হয় -পশুসম্পদের ক্ষতি হয় -শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	-গলাচিপা উপজেলায় ৬৮টি স্কুল কাম সাইক্লোন সেন্টার রয়েছে। -গলাচিপা উপজেলায় ১০টি মাটিরকেল্লা রয়েছে। -গলাচিপা উপজেলায় ৬৭.৪৩ কিঃমিঃ,উঁচু পাকা রাস্তা রয়েছে। -গলাচিপা উপজেলায় ৭৩টি উঁচু টিউবয়েল রয়েছে।
জলোচ্ছাস	-বন্যায় ফসলের ক্ষতি হয় -যোগাযোগের কষ্ট হয় -কবর স্থান ডুবে যায়। -মানবসম্পদের ক্ষতি হয় -অবকাঠামোর ক্ষতি হয়। -মৎস্যসম্পদের ক্ষতি হয -খাবার পানির অভাব হয় -পশুসম্পদের ক্ষতি হয় -শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	-পটুয়াখালি জেলার গলাচিপা উপাজেলতে ৫২ টি সাইক্লোন সেন্টার আছে -এই উপজেলার ১২ টি ইউনিয়নের ১৫ টি কবরস্থান উচু আছে। -গলাচিপা উপজেলায় মোট ১১৫ কিমিঃ দৈঘ্য বাঁধ রয়েছে। তার মধ্যে একটি বাঁধ ৩৫কিঃমিঃ পানপট্টি লঞ্চ ঘাট থেকে সুনির বাধ হাট পর্যন্ত। -পটুয়াখালি জেলার গলাচিপা উপজেলায় ৬৭.৪৩ কিঃমিঃ উচু রাস্তা রয়েছে। -২নংওয়ার্ডে উত্তর আমখোলা রুস্তুমের বাড়ী হইতে মেস্তরি বাড়ী পর্যন্ত উচু রাস্তা । -৭নংওয়ার্ডে ভাংরা বেপারী বাড়ী হইতে জবেদ সিকদার বাড়ী পর্যন্ত উচু রাস্তা । -৩নং ওয়ার্ডে আমখোলা মকবুল গাজীর বাড়ী হইতে পাকা রাস্তা পর্যন্ত উচু রাস্তা -৮নং ওয়ার্ডে তাফালবাড়ীয়া মজুমদার বাড়ী হইতে আবুল তালুকদার বাড়ী পর্যন্ত উচু রাস্তা মেরামত - ৯নং ওয়ার্ডে খোন্তাখালী বালা বাড়ী হইতে পুল পর্যন্ত রাস্তা উচু মেরামত
বন্যা	-বন্যায় ফসলের ক্ষতি হয় -যোগাযোগের কষ্ট হয় -কবর স্থান ডুবে যায়। -মানবসম্পদের ক্ষতি হয় -অবকাঠামোর ক্ষতি হয়। -মৎস্যসম্পদের ক্ষতি হয -খাবার পানির অভাব হয় -পশুসম্পদের ক্ষতি হয় -শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	-গলাচিপা উপজেলার পানি নিষ্কাশনের মাধ্যম হল রাবনাবাদ, তেঁতুলিয়া, আগুনমুখা, দাড়চিরা, চরকারফারমা, বোয়ালিয়া, বুড়াগোরাঙ্গো ও কাজলনদী। -গলাচিপা উপজেলায় ৭৩টি উঁচু টিউবওয়েল রয়েছে। -গলাচিপা উপজেলাইয় ৬ফুট উঁচু মোট- ১১৫ কিঃমিঃ বাঁধ রয়েছে। -গলাচিপা উপজেলা ১৫ টি কবর স্থান উঁচু রয়েছে। -পটুয়াখালি জেলার গলাচিপা উপজেলায় ৬৭.৪৩ কিঃমিঃ উচু রাস্তা রয়েছে। -গলাচিপা উপজেলার ২১,৯৫২.০০ একর বনায়ন রয়েছে।

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
নদীভাঙ্গন	-নদীভাঙ্গনে কৃষি জমিসহ ফসলের ক্ষতি হয়। -যোগাযোগের কষ্ট হয় -মানব সম্পদের ক্ষতি হয় -অবকাঠামোর ক্ষতি হয়। -মৎস্য সম্পদের ক্ষতি হয়। -পশু সম্পদের ক্ষতি হয়।	-গলাচিপা উপজেলায় চারপাশ দিয়ে ৬ফুট উঁচু ১১৫ কিঃমিঃ রাস্তা সদৃশ বাঁধ রয়েছে যা আকষ্মিক বন্যা মোকাবেলায় এ উপজেলার জন্য দূর্গ হিসাবে কাজ করে।
কালবৈশাখী	-ঝড়ে ফসলের ক্ষতি হয় -যোগাযোগের কষ্ট হয় -মানব সম্পদের ক্ষতি হয় -অবকাঠামোর ক্ষতি হয়। -পশু সম্পদের ক্ষতি হয় শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	-গলাচিপা উপজেলা ২১,৯৫২.০০ একর বনায়ন রয়েছে। -পটুয়াখালি উপজেলায় ৬৮টি স্কুল কাম সাইক্লোন সেন্টার রয়েছে। -পটুয়াখালি উপজেলায় ০৬টি মাটিরকেল্লা রয়েছে।
অনিয়মিত বৃষ্টিপাত	-ফসলের ক্ষতি হয় -মানব সম্পদের ক্ষতি হয় -মৎস্য সম্পদের ক্ষতি হয়। -পশু সম্পদের ক্ষতি হয়।	-গলাচিপা উপজেলায় ৮টি নদী ও ২৩ টি খাল রয়েছে। -গলাচিপা উপজেলার ২১,৯৫২.০০ একর বনায়ন রয়েছে।
খরা	-খরায় ফসলের ক্ষতি হয় -মানব সম্পদের ক্ষতি হয় -মৎস্য সম্পদের ক্ষতি হয -খাবার পানির অভাব হয় -পশু সম্পদের ক্ষতি হয় -খাবার পানির অভাব দেখা দেয়। -তাপ মাত্রা অসহনিয় পর্যায়ে থাকে।	-গলাচিপা উপজেলায় ৩৬০৫টি গভীর নলকুপ রয়েছে। -গলাচিপা উপজেলায় ১টি ৫০ শয্যা বিষিস্ট সরকারি হাসপাতাল, ০৪ টি উপ-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ০৯টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। - উপজেলায় ১ টি পশু হাসপাতাল রয়েছে। -গলাচিপা উপজেলার ২১,৯৫২.০০ একর বনায়ন রয়েছে।

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

গলাচিপা উপজেলায় ভৌগোলিক অবস্থানগত কারনে উপজেলার বিভিন্ন ইউনিয়ন,গ্রাম গুলি বিভিন্ন আপদের সম্মুখীন হয়। এ উপজেলার অধিকাংশ জনগস্ঠী কৃষি ও মৎসের উপর নির্ভশীল। সামুদ্রীক উপকুলিয় অঞ্চল হয়ায় এখানকার মানুষদেরকে আপদ গুলিকে মোকাবিলা করতে হয়। উপজেলার সব স্থানের বিপদাপন্নতা সমান নয় তাই আপদের ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা,বিপদাপন্নের কারন ও বিপদাপন্ন জনসংখ্যা নিম্নে সংখিপ্ত দেওয়া হলঃ

টেবিল ২.৪. সর্বাধিক বিপদাপন্ন এলাকা।

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
ঘূর্ণিঝড়	পানপট্টিরঃ যুগিরহাওলা,তুলাতলি,তুলারাম,সেনেরহাওলা, বাশতলা,গুপ্তেরহাওলা,খরিদা,বিবিরহাওলা আমখলারঃ দরিবাহেরচর, গুরিয়া,চরআমখোলা,বাউরিয়া গলাচিপারঃ গলাচিপা,বোয়ালিয়া,পক্কিয়া,দক্ষিন চরখালি,চরকারফারমা ডাকুয়ারঃ আটখালি,হোগল বুনিয়া চিকনিকান্দিঃ চিকনিকান্দি,সুতাবাড়িয়া,মাঝগ্রাম,কচুয়া গজালিয়ারঃ গজালিয়া,ইছাদিচর, ইছাদি জোয়ার, চর কাজল সমগ্র ইউনিয়ন,চর বিশ্বাস সমগ্র ইউনিয়ন কলাগাছিয়ারঃ খারিজ্জমা,কল্যান কলস,বাশবাড়ীয়া দারিয়াবাদ অংশ,পানপট্টি ,৫,৬,৭৮৯,নং ওয়র্ড কলাগাছিয়া ,চর কাজল,চর বিশ্বস, গলাচিপা ,গজালিয়া ও রতন্দী তালতলি	বেড়ী বাঁধ কম ,প্রয়জনের তুলনায় বনায়ন কম, সমুদ্রের স্তর থেকে ভুমিরস্তর নিম্ন।নদীর তীরবর্তীএলাকা।	১,৫৭,৭৬৭ জন
জলোচ্ছ্বাস,	পানপট্টি, কলাগাছিয়া ,চর কাজল,চর বিশ্বস, গলাচিপা ,গজালিয়া। রতন্দী তালতলি	বেড়ী বাঁধ কম ,প্রয়জনের তুলনায় বনায়ন কম,সমুদ্রের স্তর থেকে ভুমিরস্তর নিম্ন।	২৯,১৪০
বন্যা	পানপট্টি, কলাগাছিয়া , চর কাজল, চর বিশ্বস, গলাচিপা ,গজালিয়া। রতন্দী তালতলি	বেড়ী বাঁধ কম ,প্রয়জনের তুলনায় বনায়ন কম,সমুদ্রের স্তর থেকে ভুমিরস্তর নিম্ন। বন্যার কারনে এখানে প্রচুর কৃষি জমি নদীগর্ভে পতিত হছে, কৃষি, মৎস্য, মানব সম্পদের ক্ষতি হতে পারে।	১,৭০,০৩৪জন
নদীভাঙ্গন	পানপট্টি ইউনিয়নেরঃ যুগিরহাওলা,তুলাতলি,তুলারাম,সেনের হাওলা, বাশতলা, গুপ্তের হাওলা, খরিদা, বিবির হাওলা আমখোলা ইউনিয়নেরঃ দরিবাহের চর, গুরিয়া, চর আমখোলা ও বাউরিয়া গলাচিপা ইউনিয়নেরঃ গলাচিপা,বোয়ালিয়া,পক্কিয়া,দক্ষিন চরখালি,চরকারফারমা ডাকুয়া ইউনিয়নেরঃ আটখালি,হোগল বুনিয়া চিকনিকান্দি ইউনিয়নেরঃ কনিকান্দি,সুতাবাড়িয়া,মাঝগ্রাম,কচুয়া গজালিয়া ইউনিয়নেরঃ গজালিয়া,ইছাদিচর, ইছাদি জোয়ার, দঃইচাদি, চর কাজল সমগ্র ইউনিয়ন,চর বিশ্বাস সমগ্র ইউনিয়ন। কলাগাছিয়া ইউনিয়নেরঃ খারিজ্জমা,কল্যান কলস,বাশবাড়ীয়া ও দারিয়াবাদ অংশ	নদীর তীরবর্তী অঞ্চল হওয়ায় ১০ বছর ধরে এই এলাকাগুলোতে নদীভাঙ্গনের কারনে হাজার হাজার একর আবাদি জমি নদীগর্ভে মিশে যাচ্ছে। নিঃস্ব হয়ে যাচ্ছে অনেক মানুষ। এছাড়াও কৃষি, মৎস্য ও মানবসম্পদের ক্ষতি হয়ে থাকে।	৪২,২৮৭ জন
কালবৈশাখী	পানপট্টি, কলাগাছিয়া ,চর কাজল,চর বিশ্বস, গলাচিপা ,গজালিয়া ও রতন্দী তালতলি	প্রয়জনের তুলনায় বনায়ন কম।	২৯১৪০ জন

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
অনিয়মিত বৃষ্টিপাত	সমগ্র উপজেলা	প্রয়জনের তুলনায় বনায়ন কম।	২,৫৯,৫১৫ জন
খরা	সমগ্র উপজেলা	খরার কারনে এখানে প্রচুর কৃষিসম্পদের ক্ষতি হতে পারে।	২,৫৯,৫১৫ জন

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ

গলাচিপা উপজেলাটি কৃষি ভিত্তিক উৎপাদন নির্ভর। এ উপজেলার অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। তাই উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে কৃষিকে প্রাধান্য দিলেও আপদ ও ঝুঁকি হ্রাসের জন্য মৎস, প্রাণী, স্বাস্থ্য, জীবিকা, অবকাঠামো সব দিকেই উন্নয়ন প্রয়োজন। নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত ভাবে আলোচনা করা হল:

টেবিল ২.৫. উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়।

খাত সমূহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	গলাচিপা উপজেলায় মোট ৩৩৫০০ হেক্টর জমিতে ১,৮২,০০১ মেট্রিক টন ফসল উৎপাদিত হয়। ফসল উদ্বৃত থাকে যা উপজেলার অর্থনীতির জন্য বিরাট সাফল্য বয়ে আনে। ফলে নতুন চাষীরা উদ্যোগী হয়ে কৃষিতে এগিয়ে আসবে। তাই গলাচিপা উপজেলায় কৃষিসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে বিবেচিত।	গলাচিপা উপজেলায় ৫০% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৬০%, ক্ষুদে কৃষক শ্রেণী ৩০%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। এই কৃষি থেকে আয় হয় ৭৫.৬৬%। মৎস্য ৩.৭৫%, ব্যবসা ৭.৮৩%, চাকুরী ২.৬৭%, অন্যান্য ৮.২৪%। আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি ঘূর্ণিঝড়, বন্যা, জলচ্ছাস, কালবৈশাখী, নদীভাঙ্গন, হয় তাহলে কৃষিজ ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য গলাচিপা উপজেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে গলাচিপা উপজেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।

খাত সমূহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
মৎস্য	গলাচিপা উপজেলায় ৯০% পুকুরে মৎস্য চাষ করা হয়। বর্ধিত জ নসংখ্যার চাহিদা মেটানোর জন্য পুকুরে মৎস্য চাষ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ১৫ ডেসিমল মাপের পুকুরে একজন চাষী বছরে ১৬৮০০টাকা। ৬৮ডেসিমল মাপের পুকুরে একজন চাষী বছরে ১,০০,০০০ টাকা লাভ করতে পারে।গলাচিপা উপজেলায় মোট পুকুর সংখ্যা আনুমানিক ৩০,০০০ টি। এই বিপুল সম্ভাবনা মাছ উৎপাদনের জন্য সক্ষম। এ উপজেলায় বাৎসরিক মৎস্য চাহিদা পূরনের এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই গলাচিপা উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগকালে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
পশুসম্পদ	পূর্বে গলাচিপা উপজেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গোখাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। বর্তমানে ২৫টি গবাদিপশুর খামার, ২০,০৫০ টি ব্রয়লার মুরগীর খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তোলে এবং অর্থনীতিতে ভূমিকা রাখে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, বন্যা হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
স্বাস্থ্য	গলাচিপা উপজেলায় ১টি ৫০শয্যা বিষিস্ট স্বাস্থ্য কমপ্লেক্স, ৯টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ১০টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। এগুলো গলাচিপা উপজেলার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরনের মাধ্যমে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখে।	দুর্যোগের ফলে গলাচিপা উপজেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থাসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	গলাচিপা উপজেলায় ৫০% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৬০%, ক্ষুদে কৃষক শ্রেণী ৩০%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। এই কৃষি থেকে আয় হয় ৭৫.৬৬%। মৎস্য ৩.৭৫%, ব্যবসা ৭.৮৩%, চাকুরী ২.৬৭%, অন্যান্য ৮.২৪% এবং অন্যান্য ২.২৫%। গলাচিপা উপজেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে গলাচিপা উপজেলার মানুষের জীবন জীবিকা বেশ উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে গলাচিপা উপজেলায় বন্যা, জলোচ্ছাস, নদীভাঙ্গন,কালবৈশাখি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। এবং দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।

খাত সমূহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
গাছপালা	গলাচিপা উপজেলায় গাছপালা ও বনায়নের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর ফলের গাছ আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া,বাবলা,বরই,সফেদা গাছ রয়েছে।গলাচিপা উপজেলায় সরকারিভাবে ১৬ হেক্টর বনায়ন রয়েছে যা গলাচিপা উপজেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে। গলাচিপা উপজেলায় মোট ২১,৯৫২.০০ একর বনায়ন রয়েছে।	গলাচিপা উপজেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, জলোচ্ছাস নদীভাঙ্গন, ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া জলোচ্ছাসের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই গলাচিপা উপজেলায় একটা স্লোগান হওয়া উচিত " গাছ লাগান এবং পরিবেশ বাঁচান" যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।
অবকাঠামো	গলাচিপা উপজেলায় প্রচুর অবকাঠামোগত সম্পদ রয়েছে যার মধ্যে ২ টি বাঁধ, ৩৯৬ টি ব্রীজ ও ১৩৫ টি ছোট বড় কালভার্ট রয়েছে। এছাড়া উপজেলা, ইউনিয়ন এবং গ্রাম্যপথ মিলিয়ে সর্বমোট মোট রাস্তা ১২০৩.৫৩ কিঃমিঃ, পাকা রাস্তা ১২৫.৩ কিঃমিঃ, কাঁচা রাস্তা ৯০৩০.৪৫ কিঃমিঃ ও এইচ.বি.বি ৪৬.৪ কিঃমিঃ। সেচের জন্য বর্তমানে ৩,৬০৫ টি গভীর নলকূপসহ রয়েছে। এছাড়া ৯৪টি হাট ও ৬টি গ্রোথ সেন্টার রয়েছে যা উপজেলার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। এই অবকাঠামোগত সম্পদগুলো গলাচিপা উপজেলার উন্নয়নমূলক কাজ তথা অর্থনীতিতে অগ্রণী ভুমিকা পালন করে।	গলাচিপা উপজেলায় বন্যা, জলোচ্ছাস নদীভাঙ্গন, হলে অবকাঠামোগত সম্পদগুলো দুর্যোগকালে বিভিন্নভাবে কাজে লাগে যেমন- বাঁধ নদীভাঙ্গনের হাত থেকে উপজেলাকে রক্ষা করে। কালভার্টগুলো বন্যা, জলোচ্ছাস হলে যোগাযোগের কাজে ব্যবহার হয়। এটা কৃষির অনেক উপকার করে। নলকূপগুলো খরা মৌসুমসহ অন্য সময়ে পানি সেচের কাজে ব্যবহার করে প্রচুর কৃষিসম্পদ অর্জিত হয়ে থাকে। রাস্তাঘাট বিভিন্ন জেলা/ উপজেলার সাথে যোগাযোগ সম্পর্ক উন্নয়ন করে। দুর্যোগের সময় হাটবাজার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। দুর্যোগ মোকাবেলা করার জন্য অবকাঠামোগত সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য অবকাঠামোগত সম্পদকে যথেষ্ট শক্তিশালী করার কোন বিকল্প নাই।

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

২.৭ সামাজিক ম্যাপ

গলাচিপা উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে গলাচিপা উপজেলার মানচিত্র দেখিয়ে সামাজিক মানচিত্র করার উদ্দেশ্য ,গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়। সামাজিক মানচিত্রে উপজেলার গ্রামগুলির অবকাঠামোসমূহ ,রাস্তা-ঘাট ,ব্রিজ ,কালভার্ট , বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহ ,হাট-বাজার ,নদী-খাল ,ফসলের মাঠসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। সামাজিক মানচিত্রে গলাচিপা উপজেলার সার্বিক অবস্থা দেখানো হয়েছে।

২.৮ দুর্যোগ এবং ঝুঁকি ম্যাপ

গলাচিপা উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য উপজেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে গলাচিপা উপজেলার মানচিত্র দেখিয়ে দুর্যোগ ও ঝুঁকি মানচিত্র করার উদ্দেশ্য ,গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় এলাকার আপদসমূহ চিহ্নিত করে বাঘা উপজেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে। উপজেলার কোন ইউনিয়নে কি ধরনের আপদ সংঘটিত হয় তা ঝুঁকি মানচিত্রে অংশগ্রহনকারীদের দ্বারা প্রদর্শন করা হয়েছে। দুর্যোগ ও ঝুঁকি মানচিত্রে গলাচিপা উপজেলার সার্বিক অবস্থা দেখানো হয়েছে।


Galachipa Upzila
Social Map
Legend
Union Boundry
Union_NM
Bakulbaria
Amkhola
Gajalia
Chikhlikandi
Ratandi Taltali
Dakua
Golkhali
GALACHIPA
Galachipa
Panpatty
Char Kajal
Char Biswas
N
4 2 0 4 8
Kilometers


Galachipa Upzila
Hazard & Risk Map
Legend
International Boundary
District Boundary
Upazila Boundary
Union Boundary
Amkhola
Bakulbaria
Char Biswas
Char Kajal
Chiknikandi
Dakua
Gajalia
Galachipa
Golkhali
Panpatty
Ratandi Taltali
Upazila
Union
National Highways
Regional Highways
Zilla Road
Upazila Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Village Road A (Pucca)
Village Road A (Katcha)
Village Road B (Pucca)
Village Road B (Katcha)
Railway Network
Embankment
Small River or Khal
Forest
Settlement
Water Bodies
Wide River with Sandy Area
Cyclone
Drizzle
Heavy Rain
High Tide
Tornado
Flood
River Erosion
Tidal Wave
Bakulbaria
Amkhola
Gajalia
Chiknikandi
Ratandi Taltali
Golkhali
Dakua
GALACHIPA
Galachipa
Panpatty
Char Kajal
Char Biswas
N
4 2 0 4 8
Kilometers

২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

গলাচিপা উপজেলায় খরার প্রবনতা বেশি না হলেও সারা বছর জুড়েই বিভিন্ন আপদ পরিলক্ষিত হয়ে থাকে। চৈত্র মাস থেকেই খরার প্রবনতা বাড়তে থাকে এবং বৈশাখ ,জৈষ্ঠ মাসে তীব্র রুপ ধারন করে। মাঠ ঘাট শুকিয়ে যায়,আবার অনেক টিউবয়েলে পানি থাকে না। এ সময় ভূগর্ভস্থ পানির স্তর নিচে থাকে তাই শুধু গভীর নলকূপ ছাড়া পানি উত্তলন সম্ভব হয় না। এছাড়া উপজেলার ভেতর দিয়ে ৫ টি নদী প্রবাহিত হয়েছে। হঠাৎ বন্যা বা জলোচ্ছাসে নদীর পানি বেড়ে গিয়ে নদী সংলগ্ন এলাকা প্লাবিত হয়। জনসাধারন বৈশাখ থেকে কার্তিক মাস পর্যন্ত যে কোন ঘূর্ণিঝড়, কালবৈশাখী ঝড় হয়ে বিপুল পরিমান ক্ষতির সম্মুখীন হতে পারে। নিম্নে টেবিলের মাধ্যমে আপদের মৌসুমী দিনপঞ্জি তুলে ধরা হল:

টেবিল ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি।

আপদসমূহ	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
ঘূর্ণিঝড়												
জলোচ্ছাস												
বন্যা												
নদীভাঙ্গন												
কালবৈশাখী												
অনিয়মিত বৃষ্টিপাত												
খরা												

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

আপদের দিনপঞ্জি বিশ্লেষন

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন কোন মাসে সংগঠিত হয় এবং কোন কোন মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। প্রি-সিআরএ কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যামে জানা যায়:

ঘূর্ণিঝড়ঃ পটুয়াখালির গলাচিপা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। তবে বৈশাখ ও জ্যৈষ্ঠ, আশ্বিন ও কার্তিক মাসে ঘূর্ণিঝড় হয়ার প্রবনতা বেশি থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না.যার ফলে এলাকার প্রায় ২০ শতাংশ জমিতে ফসল উৎপাদন ব্যাহত হয়। সালের ঘূর্ণি ঝড় ছিলো ব্যপক।

জলোচ্ছাসঃ পটুয়াখালির গলাচিপা উপজিলা ব্যাপক মাত্রায় দূর্যোগ কবলিত। এখানে বৈশাখ মাস হতে কার্তিক মাস পর্যন্ত দূর্যোগ অব্যাহত থাকে। জলোচ্ছাসের ফলে এলাকায় কৃষি, মৎস, অবোকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতে ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে আবাদী জমিতে বালি পড়ার কারনে ফসল চাষ করা যায় না।

বন্যাঃ মূলত নদী ভরাটের কারণে ও পানি নিষ্কাশনের পথ না থাকায় বন্যা হয়। প্রচুর পরিমাণ পলি জমে নদীগুলো ক্রমাগত ভরাট হয়ে যাচ্ছে এবং নদীর মাঝে চর জেগে উঠায় অতিরিক্ত পানির চাপে নদীর পাড় উপচে বন্যার সৃষ্টি করে। গলাচিপা উপজেলায় জুলাইয়ের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের শেষ পর্যন্ত বন্যার সম্ভাবনা দেখা দেয় হয়।

কালবৈশাখীঃ বৈশাখ ও জ্যৈষ্ঠ , আশ্বিন ও কার্তিক মাসে কালবৈশাখী বেশী হওয়ার সম্ভাবনা থাকে। ঋতু বৈচিত্রের কারনে এবং আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। যার ফলে জানমাল ও ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে।প্রতি বছর পটুয়াখালির গলাচিপা উপজেলাতে কালবৈশাখির আঘাতে কম বেশি ক্ষতি হয়ে থাকে।

নদীভাঙ্গনঃ গলাচিপা উপজেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ ফসল ও গবাদিপশু নদীভাঙ্গনে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে। এপ্রিল থেকে জুলাই পর্যন্ত এখানে নদীভাঙ্গন প্রকট না হলেও আগস্টের প্রথম থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত নদীভাঙ্গন প্রকট আকার ধারন করে।

অনিয়মিত বৃষ্টিপাতঃ পটুয়াখালির গলাচিপা উপজেলায় অনিয়মিত বৃষ্টিপাত একাটি নতুন আপদ হিসাবে চিহ্নিত করা হয়েছে। আষাঢ় মাস হতে ভাদ্র,আশিন পর্যন্ত কখন আতিরিক্ত মাত্রার বৃষ্টিপাত হয় আবার প্রয়োজন মাফিক বৃষ্টিপাত হয় না। এই আপদের কারনে গলাচিপা উপজেলার মানুষের ফসলি জমির ফসলের ব্যাপক ক্ষতি হয়। ।প্রতি বছর অনিয়মিত বৃষ্টিপাত কারনে এ অঞ্চল লোকজনকে চরম দুর্ভোগে জীবন কাটাতে হয়। অনিয়মিত বৃষ্টিপাতের ফলে আবাদী জমির ফসল উৎপাদন ব্যহত হয়।

খরাঃ এই এলাকার প্রধান আপদ হল খরা। মার্চ মাসের মাঝামাঝি সময় থেকে জুন মাসের মাঝামাঝি পর্যন্ত খরার উপস্থিতি দেখা যায়। মাত্রাতিরিক্ত খরা এখানকার কৃষির ব্যাপক ক্ষতি করে। মার্চ মাসের প্রথম দিকে এবং জুন মাসের শেষের দিকে খরার প্রভাব মধ্যম পর্যায়ে থাকলেও বছরের বাকি সময় এর মাত্রা কিছুটা কম থাকে। খরার কারণে এখানকার অনেক ফসল সেচের অভাবে নষ্ট হচ্ছে। আবার যেগুলো কোনো মতে হচ্ছে তাতেও পর্যাপ্ত পানির অভাবে ফলন কমে যাচ্ছে। আবার এই খরার কারণে সংরক্ষিত পুকুরের পানি শুঁকিয়ে যাওয়ায় দেখা দিচ্ছে পানীয় জলের চরম সংকট।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি

কৃষি ও মৎস অত্র এলাকার মানুষের প্রধান জীবিকা। এছাড়া ভূমিহীন শ্রমীক আছে যারা দিনমজুর হিসাবে তাদের জীবিকা নির্বাহ করে থাকে। এ অঞ্চলে বেশ কয়েকটি হাট বাজার থাকায় এবং বিপুল পরিমান কৃষি ও মৎস পন্য রপ্তানির জন্য ব্যবসায়ী জীবিকাও গড়ে উঠেছে। নিম্নে টেবিলের মাধ্যমে জীবিকার মৌসুমী দিনপঞ্জি দেওয়া হল:

টেবিল ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি

জীবিকার উৎস	মৌসুম											
	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ
	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
কৃষক												
কৃষি শ্রমিক												
অকৃষি শ্রমিক												
মৎস্য চাষি												
মৎস্যজীবি												
মাঝি												
ব্যবসায়ী	ঈদ ও অন্যান্য ধর্মীও অনুষ্ঠানের সময় কাজের চাপ বেশি থাকে											
চাকুরীজীবি	সারা বছরই সমান ব্যস্ত থাকে											
নসিমন/ ভ্যান চালক												
কুটির শিল্পের কাজ												
কাঠ মিস্ত্রির কাজ												
রাজ মিস্ত্রির কাজ												

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

২জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা ১১.

পূর্বে আলোচিত আপদ /দূর্যোগ সমূহ স্বাভাবিক জীবন জীবিকা নির্বাহে বাঁধার সৃষ্টি করে। কৃষি ,মৎস ,দিনমজুর ও ব্যবসায়ী সকলেই কম বেশি বিপদাপন্ন হয়। নিম্নে টেবিলের মাধ্যমে জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা দেওয়া হল:

টেবিল ২.৮ :জীবন ও জীবিকি সম্পর্কিত বিপদাপন্নতা

	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগ সমূহ

		ঘূর্ণিঝড়	জলোচ্ছাস	বন্যা	নদীভাঙ্গন	কালবৈশাখী	অনিয়মিত বৃষ্টিপাত	খরা
০১	কৃষি	☑	☑	☑	☑	☑	☑	☑
০২	মৎস্য	☑	☑	☑	☑		☑	☑
০৩	দিনমজুর	☑	☑	☑	☑		☑	☑
০৪	ব্যবসায়ী	☑	☑	☑		☑		☑

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা

প্রতিটি ইউনিয়নের আপদ সমূহ চিহ্নিতকরণ ও তার সংশ্লিষ্ট বিপদাপন্ন খাত ও উপাদান এবং এলাকা সমূহ নির্ধারণের পর আপদ সমূহের সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ চিহ্নিত, তালিকা প্রস্তুত ও বিবরণ লিপিবদ্ধ করা হয়েছে। প্রতিটি গ্রুপ থেকে দুই জন করে প্রতিনিধি নিয়ে চারটি (কৃষক, ভূমিহীন, মহিলা ও মৎস্যজীবী) দলে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপে ৬ জন করে মোট ২৪ জন প্রতিনিধির সাথে পৃথক পৃথক ভাবে প্রতিটি দলের বর্ণনাকৃত ঝুঁকি সমূহের মূল্যায়ন করে অগ্রহণযোগ্য ঝুঁকি সমূহের উপর ভোটাভুটির মাধ্যমে (জিপস্টিকের মাধ্যমে ভোট প্রদান) ঝুঁকির অগ্রাধিকার করণ করা হয়েছে। চারটি দলের অগ্রাধিকার কৃত ঝুঁকিসমূহ একত্রিত করে প্রাপ্ত ভোট সংখ্যার আলোকে সর্বোচ্চ ভোট প্রাপ্তির ক্রমানুযায়ী ঝুঁকির তালিকা থেকে ঝুঁকি নিয়ে তার কারণ বিশ্লেষণ সহ স্থানীয় পর্যায়ে ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায় সমূহ নির্ধারণ করা হয়েছে। অগ্রাধিকারকৃত ঝুঁকি সমূহ নিম্নরূপ। এগুলো পরবর্তীতে গ্রুপের প্রতিনিধিদের উপস্থিতিতে পরোক্ষ স্টেকহোল্ডারদের দ্বারা যাচাই করা হয়েছে।

টেবিল ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি।

আপদ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ									
	ফসল	গাছপালা	পশু সম্পদ	মৎস্য সম্পদ	ঘরবাড়ি	রাস্তাঘাট	বীজ কালভার্ট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	আশ্রয়কেন্দ্র
ঘুণীঝড়										
জলচ্ছাস	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
বন্যা	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑	☑
নদীভাঙ্গান	☑	☑		☑	☑	☑		☑		☑
কালবৈশাখী ঝড়	☑	☑	☑		☑			☑		☑
অনিয়মিত বৃষ্টিপাত	☑	☑							☑	
খরা	☑	☑	☑	☑						

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

কোন স্থানের বা অঞ্চলের দীর্ঘ কালের (৩০ বছর বা তার অধিক সময়ের) দৈনন্দি আবহাওয়া পর্যালোচনা করে বায়ুমন্ডলের ভৌত উপাদান গুলোর (বায়ুর তাপ,বায়ুর চাপ, বায়ু প্রবাহর দিক ও তার গতিবেগ , বায়ুর আদ্রতা,মেঘের পরিমান,মেঘের প্রকারভেদ এবং বৃষ্টি পাত) যে সাধারন অবস্থা দেখা যায় তাকে ওই স্থানের বা অঞ্চলের জলবায়ু বলে।পৃথিবীতে প্রতিদিন যে সূর্য কিরন পৌছায়,ভূ পৃষ্ঠ তা শোষণ করে। শোষিত সূর্য কিরন আবার মহাশূন্যে বিকিরিত বা প্রতিফলিত হয়।এটাই প্রাক্রিতিক

নিয়ম। প্রাক্রিতিক নিয়মের এই শোষন–বিকিরন প্রক্রিয়ায় কোন ধরনের বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়াকেই জলবায়ু পরিবর্তন বলে। নিম্নে টেবিলে খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব বিস্তারিত দেয়া হলঃ

টেবিল ২.১০ খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব

খাত	বর্ননা
কৃষি	২৩শে মে ২০০৪, ১১ই সেপ্টেম্বর ২০০৪, ১১ই মাচ ২০০৫, ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ নভেম্বর, ২০০৭ সালে সিডর, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯, ৮ই,অক্টোবার ২০১০, ১৬ই জুন ২০১১, সালের মত ঘূণী ঝড় হলে গলাচিপা উপজেলায় ঘূণী ঝড়ের আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ১৯শে সেপ্টেম্বর ২০০৬, ১৫ই নভেম্বর ২০০৭, ১৫ই নভেম্বর ২০০৮, ২৫শে মে ২০০৯, ১৬ই জুন ২০১১ সালের মত জলচ্ছাস হলে গলাচিপা উপজেলায় জলচ্ছাসের কারণে ১৩,৬০০ একর জমির ফসল নষ্ট হয়ে ৫৭২০টি পরিবারের ৩৫,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ২০০৪ এবং ২৫শে মে ২০০৯ সালের হঠাৎ বন্যার কারণে গলাচিপা উপজেলায় ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ৬ই মে ২০০২ সালের মত হঠাৎ কালবৈশাখীর আঘাতে গলাচিপা উপজেলায় ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। গলাচিপা উপজেলায় নদীভাঙ্গানের কারণে ২,৪২০ একর জমির ফসল নষ্ট হয়ে ২,৫৫০ টি পরিবারের ১৫,১৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। ১৫ই নভেম্বর ২০০৮সালের মত প্রবল বর্ষন হলে গলাচিপা উপজেলায় ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। গলাচিপা উপজেলায় খরার কারণে ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।
মৎস্য	২৫ শে মে ২০০৯ সালের আইলার মত জলচ্ছাস হলে গলাচিপা উপজেলায় ২,৭২০ টি পুকুরের পানি নস্ট হয়ে মাছের বিভিন্ন রোগ হয় এবং মাছ ভেসে গিয়ে ৫,৫৫০ টি পরিবারের ২৮,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।যার ফলে আমিষের অভাব দেখা দিতে পারে। ২০০৪ এবং ২৫শে মে ২০০৯ সালের মত বন্যা হলে গলাচিপা উপজেলায় ৩,৭২০ টি পুকুরের পানি নস্ট হয়ে মাছের বিভিন্ন রোগ হয় এবং মাছ ভেসে গিয়ে ৪,৩২০ টি পরিবারের ৩০,৯০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। যার ফলে আমিষের অভাব দেখা দিতে পারে।
গাছপালা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে গলাচিপা উপজেলায় ১৫ই নভেম্বর ২০০৭সালের মত সিডর ২০১৩ সালের মত আইলা ঝড় হলে প্রচুর পরিমানে গাছপালা ভেঙে পড়ে যেতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা বিপর্যস্ত হতে পারে। নদীভাঙ্গানের কারণে ১৪টি ইউনিয়নে প্রচুর পরিমানে গাছপালা নদীতে বিলীন হতে পারে। ফলে পরিবেশের ভারসাম্য ব্যাহত হতে পারে।
স্বাস্থ্য	গলাচিপা উপজেলায় হঠাৎ জলচ্ছাসের কারণে পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ১,২৬০ টি পরিবারের ৫,৩০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। তাছাড়া গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে পানিবাহিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ২,৬২০ টি পরিবারের ৬,৬০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। গলাচিপা উপজেলায় ১৯৮৬, ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৫, ১৯৯৮ , ২০০৪ এবং ২৫ শে মে ২০০৯ সালের মত বন্যা হলে প্রায় ৬০% গর্ভবতী মহিলাদের বন্যাকালীন সময়ে সন্তান প্রসবের স্থানাভাব এবং বিপন্ন যোগাযোগ ব্যবস্থার কারণে তাদের প্রানহানীর আশংকা দেখা দিতে পারে। এছাড়া পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। ২০০১ সালের মত খরা হলে এ উপজেলায় প্রায় ৫০%জনগনের চর্মরোগ দেখা দিতে পারে। তাছাড়া খরার কারণে চর্মরোগসহ বিভিন্ন ভাবে স্বাস্থ্যহানি ঘটতে পারে।
জীবিকা	জলবায়ু পরিবর্তনের প্রভাবে গলাচিপা উপজেলায় বন্যা, খরা, জলোচ্ছাস,নদীভাঙ্গান, ঘনকুয়াশা, অনিয়মিত বৃষ্টিপাত ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণ প্রভাব পড়ে। এ সমস্ত আপদের কারণে গলাচিপা উপজেলার ৩৭%মানুষ কর্মশূন্য হয়ে পড়তে পারে। ফলে গলাচিপা উপজেলার অর্থনীতিতে ভয়াবহতা সৃষ্টি হতে পারে।

খাত	বর্ননা
পানি	জলবায়ু পরিবর্তনের প্রভাবে গলাচিপা উপজেলায় ১৪টি ইউনিয়ন প্রচন্ড খরা এবং ভূ-গর্ভস্ত পানির স্তরের কারণে পানির অভাব দেখা দিতে পারে। ফলে ২২৭৬২ হেক্টর জমির ফসল নষ্ট হতে পারে,অসংখ্য পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। এছাড়া চর্মরোগসহ বিভিন্ন রোগের ভয়াবহতা ছড়িয়ে পড়তে পারে এবং কৃষিসম্পদ, মৎস্যসম্পদ ও পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হতে পারে।
অবকাঠামো	জলবায়ু পরিবর্তনের প্রভাবে হঠাৎ ১৫ই নভেম্বর ২০০৭,২০১৩সালের মত ঝড় হলে প্রায় ২৫% শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানসহ অন্যান্য অবকাঠামো ক্ষতির সম্মুখীন হতে পারে, যার ফলে শিক্ষাব্যবস্থা ব্যাহত হতে পারে। ঝড়ের আক্রমণে ৬০% কাঁচা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে বিপুলসংখ্যক লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ১৯৮৮ সালের মত বন্যা হলে প্রায় ৩২৯.৭৫ কিলোমিটার রাস্তার ক্ষতি হতে পারে এবং চলাচলের অযোগ্য হতে পারে। যার ফলে যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হতে পারে। ৬টি ইউনিয়ন নদীভাঙ্গনের কারণে প্রায় ৭০ কিলোমিটার রাস্তা, স্কুল, কলেজ অন্যান্য অবকাঠামো নদীগর্ভে বিলীন হয়ে যেতে পারে। এছাড়া ১৬% কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবারের লোকজন অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ২৮শে জুন ২০০৩, ১১ই সেপ্টেম্বর ২০০৪ সালের মত ঘূণী ঝড় হলে গলাচিপা উপজেলায় ১০,১৫০ টি কাঁচা ও আধা পাঁকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২,৭৭০টি পরিবারের ৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ৬ই মে ২০০২সালের কালবৈশাখী হলে গলাচিপা উপজেলায় ১০১৫০ টি কাঁচা ও আধা পাকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২৭৭০ টি পরিবারের ৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে। ১৯৯৫, ১৯৯৮, সালের মত গলাচিপা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২,৪৫০টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে ২,৫৬০টি পরিবারের ১৩,৩৭৫ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে। গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে ৫,৩৮০টি কাঁচা ও আধাপাঁকা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে ৫,৯৩০টি পরিবারের ২৭,৮০০জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে।

তথ্যসুত্রঃ মাঠ পরিদর্শন২০১৪ ,

তৃতীয় অধ্যায়
দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

কোন আপদ বা আপদসমূহ, গলাচিপা উপজেলার বিপদাপন্ন জনগোষ্ঠী ও তার আয় ,সম্পদ এবং পরিবেশ -এ তিন উপাদানের নেতিবাচক সংমিশ্রনের ফলে ক্ষতিকর প্রভাবের সম্ভবনা অর্থাৎ কোন আপদ ঘটার সম্ভবনা ও মাত্রা এবং তার ফলে নির্দিষ্ট জনগোষ্ঠীর ক্ষতির সম্ভবনা এই দুইয়ের পারস্পরিকতাই ঝুঁকি। গলাচিপা উপজেলার ঝুঁকি ও ঝুঁকির কারণসমূহ চিহ্নিত করে নিম্নে টেবিলের মাধ্যমে দেওয়া হল :

টেবিল ৩.১: গলাচিপা উপজেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
গলাচিপা উপজেলায় হঠাৎ ঘূর্ণী ঝড়ের আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
গলাচিপা উপজেলায় হঠাৎ ঘূর্ণী ঝড়ের আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।
গলাচিপা উপজেলায় জলছাসের কারণে ৪,৯০০ গবাদিপশু বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মারা গিয়ে ২,০৭০ টি পরিবারের ১০,৪০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
গলাচিপা উপজেলায় জলছাসের কারণে ১৩,৬০০ একর জমির ফসল নষ্ট হয়ে ৫৭২০টি পরিবারের	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
৩৫,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।		নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।
উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.জনসচেতনতার অভাব।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.বড় বড় বৃক্ষ নিধন করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের কোন ব্যবস্থা না থাকা।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. পানির প্রবল চাপে বাঁধ ভেসে যাওয়ার কারণে। ২. উজানের ঢল নামার কারণে।	১. নদীর পাড় ভেঙ্গে ধীরে ধীরে নদীর নাব্যতা কমে যাওয়া। ২. প্রয়োজনীয় স্থানে বাঁধ না থাকার কারণে।	১. সরকারী নীতিমালার মাধ্যমে ড্রেজিং এর ব্যবস্থা না থাকা।
গলাচিপা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২,৪৫০টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে ২,৫৬০ টি পরিবারের ১৩,৩৭৫ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. পানির প্রবল চাপ থাকার কারণে। ২. শ্রাবণ মাসে প্রবল বৃষ্টির কারণে।	১. নদীর গভীরতা কম থাকার কারণে	১. নদীর গভীরতা কম ও সুষ্ঠু পর্যবেক্ষণের অভাব। ২. নদীর বাঁধ তদারকি বাস্তবায়ন কমিটির অভাব।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০১৫০ টি কাঁচা ও আধা পাকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২৭৭০ টি পরিবারের ৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থসহ আশ্রয়হীন হতে পারে।	১. আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো	১বড় বড় বৃক্ষ নিধনের কারণে। ২.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকার কারণে।	১.ঘরবাড়ি মজবুত করে তৈরি না করার কারণে। ২.সরকারিভাবে বৃক্ষ রোপণ নীতিমালা না থাকার কারণে।
গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে ৫,৩৮০ টি কাঁচা ও আধা পাঁকা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত	১. উজান থেকে আসা অতিরিক্ত পানির চাপের কারণে।	১. নীচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা। ২. অপরিকল্পিত ভাবে ঘরবাড়ি তৈরি	১. সরকার কতৃক অবকাঠামো নির্মাণের সুষ্ঠু নীতিমালা না থাকা।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
হয়ে ৫,৯৩০টি পরিবারের ২৭,৮০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ সহ আশ্রয়হীন হতে পারে।		করা।	
গলাচিপা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২০টি শিক্ষা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে ২২০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১. অতিবৃষ্টিতে নদীর পাড় নরম হবার কারণে।	১.নদীর গভীরতা কমে যাওয়া।	১. নদীর পাড় মজবুত না করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. হঠাৎ তাপমাত্রা বৃদ্ধি পাওয়া। ২.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সতর্কতা মূলক ব্যবস্থা না থাকা। ২. জন-সচেতনতার অভাব।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য সঠিক ভাবে বাসস্থান না থাকা।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ৪৫ টি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত হয়ে ৩৫,৫০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে না পৌঁছানো।	১.সর্তকতা মূলক ব্যবস্থা না থাকা। ২.বড় বড় গাছপালা নিধনের কারণে।	১.বৃক্ষরোপণের সঠিক নীতিমালা না থাকা।

৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ

গলাচিপা উপজেলায় ইউনিয়ন ভিত্তিতে উঠান বৈঠক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের আলোচনা থেকে উঠে আসা ঝুঁকি এবং ঝুঁকি নিরসনের সম্ভব্য উপায়সমূহ খুঁজে বের করা হয় যা নিম্নে টেবিলের মাধ্যমে বিরিত আলোচনা করা হল:

টেবিল ৩.২: গলাচিপা উপজেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়।

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
গলাচিপা উপজেলায় হঠাৎ ঘূর্ণী ঝড়ের আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন	১.জনসচেতনতার সুষ্ঠু ব্যবস্থা করা।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানো ও তার সঠিক ব্যাখ্যা দেয়া।	১. সরকারী নীতিমালার মাধ্যমে নদীর ধারে পাথর ফেলে পাড় ভালভাবে বেঁধে দেয়া।

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।			
গলাচিপা উপজেলায় হঠাৎ ঘূণী ঝড়ের আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. বাঁধ তদারকি করা।	১. নদী ড্রেজিং করা। ২. নদীর ধার ব্লক দ্বারা বেঁধে দেয়া ।	১.বড় বড় বৃক্ষ নিধন না করার ব্যবস্থা করা এবং সরকারী নীতিমালার মাধ্যমে বৃক্ষ রোপণের ব্যবস্থা করা।
গলাচিপা উপজেলায় জলচ্ছাসের কারণে ৪,৯০০ গবাদিপশু বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মারা গিয়ে ২,০৭০ টি পরিবারের ১০,৪০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.টিন, বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা।	১. নদীর নাব্যতা বৃদ্ধি করা। ২. ১টি বাঁধের ব্যবস্থা।	১. নদী ড্রেজিং করা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা। ২. নদীর উপরে বাঁধ নির্মাণ করা।
গলাচিপা উপজেলায় জলচ্ছাসের কারণে ১৩,৬০০ একর জমির ফসল নষ্ট হয়ে ৫৭২০ টি পরিবারের ৩৫,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.টিন,বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা।	১. নদীর নব্যতা বৃদ্ধি করা। ২. টি বাঁধের ব্যবস্থা করা।	১. নদী ড্রেজিংকরা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা। ২. বাঁধ নির্মাণ করা ও বাজেট বরাদ্দ দেয়া।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০,৫৯০ একর জমির ফসল নষ্ট হয়ে ১৪,৮৫০ টি পরিবারের ৪৯,২৫০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানোর ব্যবস্থা করা।	১.বড় বড় বৃক্ষ নিধন না করার ব্যবস্থা করা। ২.সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা।	১.সরকার কতৃক অবকাঠামো নির্মাণের নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ন করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০ টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০ টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. বাঁধের পাশে বালির বস্তা ফেলে পানি আটকানোর ব্যবস্থা করা।	১. উঁচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা।	১.সরকার কতৃক অবকাঠামো নির্মাণের নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ন করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে ১৫,৩৫০ একর জমির ফসল নষ্ট হয়ে ৭,৩০৭ টি পরিবারের ৩৯,৫০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১. নদীর ধার দিয়ে বালির বস্তা দেয়া।	১. ড্রেজিং এর মাধ্যমে নদীর গভীরতা বৃদ্ধি করা।	১. সরকারের সঠিক নীতিমালা গ্রহণ ও বাস্তবায়ণ করা।
গলাচিপা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২,৪৫০টি ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়ে ২,৫৬০টি পরিবারের	১.আবহাওয়া বার্তা রেডিও ও টেলিভিশনের মাধ্যমে সঠিক	১.সর্তকর্তা মূলক ব্যবস্থা গ্রহণ করা।	১. নদী ড্রেজিং করা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা।

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
১৩,৩৭৫ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	সময়ে পৌঁছানো।	২. জন- সচেতনতা সৃষ্টি করা।	২. নদীর উপরে বাঁধ নির্মাণ করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১০১৫০ টি কাঁচা ও আধা পাকা ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে ১২৭৭০ টি পরিবারের ৫৫,৩৫৭ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ সহ আশ্রয়হীন হতে পারে।	১.যথাসময়ে আবহাওয়া বার্তা পৌঁছানো।	১.সর্তকতা মুলক ব্যবস্থা গ্রহণ করা । ২. বৃক্ষরোপণ করা।	১.ঘরবাড়ি মজবুত করে তৈরির ব্যবস্থা করা। ২.সরকারিভাবে বৃক্ষরোপণের নীতিমালা গ্রহণ করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ বন্যার কারণে ৫,৩৮০টি কাঁচা ও আধাপাঁকা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে ৫,৯৩০টি পরিবারের ২৭,৮০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ সহ আশ্রয়হীন হতে পারে।	১.টিন, বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা।	১. নদীর নাব্যতা বৃদ্ধি করা। ২. ২টি বাঁধের ব্যবস্থা।	১. নদী ড্রেজিং করা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা। ২. নদীর উপরে বাঁধ নির্মাণ করা।
গলাচিপা উপজেলায় নদীভাঙ্গনের কারণে ২০ টি শিক্ষা প্রতিষ্ঠান নদীগর্ভে বিলীন হয়ে ২২০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১.টিন,বাঁশ, এবং বালির বস্তা দ্বারা পানির চাপ ঠেকানোর ব্যবস্থা করা।	১. নদীর নব্যতা বৃদ্ধি করা। ২. বাঁধের ব্যবস্থা করা।	১. নদী ড্রেজিংকরা ও বাস্তবায়ন কমিটি করে সুষ্ঠু তদারকি করা। ২. বাঁধ নির্মাণ করা ও বাজেট বরাদ্দ দেয়া।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানোর ব্যবস্থা করা।	১.বড় বড় বৃক্ষ নিধন না করার ব্যবস্থা করা। ২.সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য বাসস্থান তৈরীর নীতিমালা ও বাজেট গ্রহণ।
গলাচিপা উপজেলায় হঠাৎ কালবৈশাখীর আঘাতে ৪৫ টি শিক্ষা প্রতিষ্ঠান বিধ্বস্ত হয়ে ৩৫,৫০০ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম ব্যাহত হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানোর ব্যবস্থা করা।	১. উঁচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা।	১.ঘরবাড়ি মজবুত করে তৈরির ব্যবস্থা করা। ২.সরকারিভাবে বৃক্ষরোপণের নীতিমালা গ্রহণ করা।
গলাচিপা উপজেলায় হঠাৎ ঘূর্ণী ঝড়ের আঘাতে ১২৬৮০টি গবাদিপশু মারা গিয়ে ৫,২৯০টি পরিবারের ২২,৮০০ জন লোক অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে।	১.আবহাওয়া বার্তা সঠিক সময়ে পৌঁছানোর ব্যবস্থা করা।	১.বড় বড় বৃক্ষ নিধন না করার ব্যবস্থা করা। ২.সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা।	১.গবাদিপশু সংরক্ষণের জন্য বাসস্থান তৈরীর নীতিমালা ও বাজেট গ্রহণ।

৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা

গলাচিপা উপজেলায় ধীর গতিসম্পন্ন দুর্যোগের কারনে আপদ চিহ্নিত করে প্রশমনের ব্যবস্থাকে অবহেলার চোখে দেখা হয়। তবে জলবায়ু পরিবর্তন জনিত কারনে ইদানিংকালে দুর্যোগের প্রবনতা বেরে গেছে। তাই কিছু কিছু এনজিও দুর্যোগ নিয়ে কাজ করতে শুরু করেছে যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল।

টেবিল ৩.৩: এনজিওদের উন্নয়ন পরিকল্পনা

ক্রমিক নং	এনজিও	দুর্যোগ বিষয়ে কাজ	উপকার ভোগীর সংখ্যা	পরিমান/ সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১।	গ্রামীন ব্যাংক	ক্ষুদ্র ঋন কার্যক্রম	শতকরা ৮০%	৫০০০-১০০০০ জন	**২ -৫ বছর**
২।	আশা	ক্ষুদ্র ঋন কার্যক্রম	শতকরা ৬০%	৫০০০-১০০০ জন	**২ -৫ বছর**
৩।	কোডেক	ক্ষুদ্র ঋন কার্যক্রম	শতকরা ৪৫%	৫০০০-১০০০০ জন	**২ -৫ বছর**
৪।	সেভ দি চিলড্রেন	মা ও শিশু স্বাস্থ্য	শতকরা ৬০%	৫০০০ পরিবার	**২ -৫ বছর**
৫।	এস ডি এফ	ক্ষুদ্র ঋন কার্যক্রম	শতকরা ৬৫%	৫০০০-১০০০০ জন	**২ -৫ বছর**
৬।	গনস্বাস্থ্য	কৃষি বিষয়ক ও উন্নয়ন কাজ	শতকরা ৬২%	৫০০০ পরিবার	**২ -৫ বছর**
৭।	মুসলিম এইড	অবকাঠামো উন্নয়ন	শতকরা ৪২%	৫০০টি	**২ -৫ বছর**
৮	সুশীলন	সামাজিক কার্যক্রম		১৪৩ টি স্কুল	**৩-৫ বছর**

তথ্যসুত্রঃ উপজেলা, ইউনিয়ন পরিষদ অফিস, গলাচিপাও উপজেলা তথ্য বাতায়ন ২০১১।

এই এনজিও গুলির মধ্যে সেভ দি চিলড্রেন, মুসলিম এইড ও সুশীলন দুর্যোগ বিষয়ে কাজ করে থাকে

৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা

৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি

টেবিল ৩.৪: দুর্যোগ পূর্ব প্রস্তুতির কর্মপরিকল্পনা।

ক্রমিক নং	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
১.	নদী ড্রেজিং করা	মোট ১৫ কিমি। গভীরতা ৩০-৪০ ফুট, চওড়া ১১০ ফুট। বর্তমানে গভীরতা আছে ৫ ফুট।	১০-১২কোটি টাকা	গলাচিপা উপজেলার যে সমস্ত নদী, খালে নাব্যতা কম।	মাঘ-বৈশাখ মাস পর্যন্ত	১০০				কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
২	নদীর ধারে বাঁধ নির্মাণকরা	১২ কি.মি.	১০-১২ কোটি টাকা	চরআমখলা,বাউরিয়া,বলইকাঠি	ফাল্গুন-বৈশাখ মাস পর্যন্ত	৩৫	১	২৫	২৫	
৩	গভীর নলকূপ স্থাপন ও সুষ্ঠু পর্যবেক্ষণ করা	মোট ৩০টি, গভীরতা ২২০ ফুটথেকে২৫০ফুট	৫কোটি ৬০লক্ষ টাকা	গলাচিপা উপজেলার প্রতিটি ইউনিয়নে	বছরের যেকোনসময়	৬০	২	১০	২৮	
৪	কৃষি প্রশিক্ষণের ব্যবস্থা করা	ওয়ার্ড ভিত্তিক ৩০জন করে দল গঠন করে ৩ দিনের প্রশিক্ষণ	২-৩ লক্ষ টাকা	উপজেলা কৃষি অফিস	অগ্রহায়ণ-মাঘ পর্যন্ত	৪০	৫	১৫	৪০	
৫	জাতীয় পর্যায় থেকে আবহাওয়া বার্তা সঠিকভাবে পৌঁছানোর	স্থানীয় মেম্বারদের সহযোগিতায় সচেতনতা সৃষ্টি করা	৫-৬ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	বৈশাখ-জ্যৈষ্ঠ মাস পর্যন্ত	২০	১	৬০	২০	

ক্রমিক নং	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
	ব্যবস্থা করা									
৬	দুর্যোগ সময়ে বার্তার ব্যাখ্যার সাথেজনগণকে অভ্যস্থ করার ব্যবস্থা করা	ওয়ার্ড ভিত্তিক ২০ সদস্য বিশিষ্ট দল গঠন করে ৩ দিনের প্রশিক্ষণ	৩০-৩৫ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	ভাদ্র-আশ্বিন মাস পর্যন্ত	১৫	০৫	২০	৬০	
৭	পুকুর খননের মাধ্যমে পানি ধরে রাখার ব্যবস্থা করা (সরকারী পুকুরসহ)	গভীরতা ২০ফুট করতে হবে, আছে ১০ ফুট	৫০-৬০ লক্ষ টাকা	প্রতিটি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে	চৈত্র হতে জ্যৈষ্ঠ মাস পর্যন্ত	১৯	০১	৭০	১০	
৮	প্রতিবন্ধীদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা	প্রতিবন্ধীদের পরনির্ভরতা হ্রাস করা	১৫-২০ লক্ষ টাকা	গলাচিপা উপজেলার বিভিন্ন ইউনিয়নে	বছরের যে কোন সময়	৩৫	৫	২৫	৩৫	
৯	সরকারী নীতিমালার মাধ্যমে জনগণকে সচেতন করা	ওয়ার্ড ভিত্তিক ৩০সদস্য বিশিষ্ট দল গঠন করে ৩দিনের প্রশিক্ষণ	২০-২৫ লক্ষ টাকা	প্রতটি ইউনিয়নের সকল ওয়ার্ডে	মাঘ-ফাল্গুন মাস পর্যন্ত	৩৫	৫	২৫	৩৫	

৩.৪.২ দুর্যোগ কালীন

টেবিল ৩.৫: দুর্যোগ কালীন প্রস্তুতির কর্মপরিকল্পনা।

ক্রমিক	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন	কমিউনিটি	স্বেচ্ছা	এনজিও	
১	জরুরী অপারেশন সেন্টার (EOC) খোলা	১ টি	বিস্তারিত পরিকল্পনা অনুযায়ী ব্যয় নির্ধারিত হবে	উপজেলা পরিষদে	জরুরী মুহূর্তে	৩৫	৫	৩০	৩০	কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায়
২	দুর্যোগের সতর্ক বার্তা প্রচার	নিয়মিত (প্রতিদিন/ প্রতিঘন্টায়)		ইউনিয়ন ব্যাপি	ঐ	৩৫	৫	৩০	৩০	
৩	উজানে নিকটস্থ নদীর পানি বিপদ সীমা অতিক্রম করার সম্ভাবনা থাকলে অথবা ঝড়ের পূর্বাভাস আসার সাথে সাথেই জরুরী সভা আয়োজন এবং বার্তা প্রচার করা।	পরিস্থিতি অনুসারে		উপজেলার সকল ইউনিয়নের ওয়ার্ডে ওয়ার্ডে	ঐ	৩৫	৫	৩০	৩০	
৪	আশ্রয়কেন্দ্র ব্যবহার উপযোগী রাখা	৮টি দল (৬ইউপি ও ২ পৌরঃ)		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৫	আক্রান্তদের উদ্ধার ও আশ্রয়কেন্দ্রে বা স্বাস্থ্য কেন্দ্রে নেয়া	আক্রান্ত এলাকার জনসংখ্যা অনুসারে		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৬	চিকিৎসা সেবা নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৭	প্রাথমিক ত্রান বিতরন	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৭	বিপদ সঙ্কেত পাওয়া মাত্র শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও প্রসুতি	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

ক্রমিক	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
	মহিলাদের নিকটবর্তী নিরাপদ স্থানে বা আশ্রয়কেন্দ্রে নিয়ে যাওয়া									সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
৮	গবাদি পশু-পাখি রাখার স্থান উঁচু, খাবার ওষুধ মজুদ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৯	জরুরী খাদ্য সরবরাহ নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১০	নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১১	স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশন নিশ্চিত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১২	আলোবাতি ও জ্বালানী সরবরাহ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১৩	কৃষি ও কর্মসংস্থান	ঐ		ঐ		৩৫	৫	৩০	৩০	
১৪	বাসস্থান মেরামত করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১৫	শিশু খাদ্য মজুদ করা, লবন, ভোজ্য তেল, দিয়াশলাই ও কেরোসিন তেল ইত্যাদি মজুদ রাখা	ঐ			ঐ	৩৫	৫	৩০	৩০	
১৬	আলগা চুলা ও শুকনা খড়ি মজুদ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১৭	স্যালাইন তৈরির উপকরণ মজুদ রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১৮	নৌকা তৈরী ও মেরামত করা, ভেলা তৈরি করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
১৯	ঘড়ের বেড়া ও খুঁটি লাগানো/ মেরামত এবং মাচা উঁচু করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২০	জন প্রতি ১ টি রাবার টিউব/ বয়া সংগ্রহ করা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২১	টিউবওয়েলের মাথা খুলে পৃথক ভাবে সংরক্ষণ করতে হবে এবং খোলা মুখে পলিথিন দিয়ে বেঁধে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২২	অতি প্রয়োজনীয় দ্রব্য চাল, ডাল, ম্যাচ, পানি, ফিটকারী, চিনি, স্যালাইন ইত্যাদি পলিথিনে মুরে মাটিতে পুঁতে রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

ক্রমিক	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য	কে করবে এবং কতটুকু করবে (%)				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
২৩	নারিকেল গাছের ডাব ও পাকা নারিকেল থাকলে তা পেড়ে মাটিতে পুঁতে রাখা অথবা কলসীতে পানি ভরে মুখ মোটা পলিথিন দিয়ে ভালো করে বন্ধ করে মাটিতে পুঁতে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	কার্যক্রমগুলো এলাকার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন ও উদ্যোগী করবে। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান রাখবে।
২৪	হাঁস মুরগী মজবুত খাঁচায় ভরে উঁচু গাছের (যে গাছ ভেঙ্গে বা উপরে পড়ার সম্ভাবনা নাই) সাথে বেধে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২৫	শক্ত গাছের সাথে কয়েক গাছা লম্বা মোটা শক্ত রশি বেঁধে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২৬	মহাবিপদ সংকেত পেলে ট্রলার ও নৌকা নিকটস্থ কোন জলায় বা পুকুরে ডুবিয়ে দড়ি দিয়ে বেঁধে রাখা/ নৌকার মধ্যে মাটি ভরে রাখতে হবে	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২৭	মহাবিপদ সংকেত পেলে রেডিও/ টেলিভিশনে প্রাপ্ত নির্দেশ পালন করা এবং ১৫ মিনিট পর পর খবর শুনতে থাকা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২৮	মাছ ধরার জাল শক্ত গাছের সাথে পেঁচিয়ে রাখা অথবা পুকুরে ডুবিয়ে বেঁধে রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
২৯	যেসকল ঘর বন্যা, কালবৈশাখী ঝড় প্রতিরোধক না, সে সকল ঘর-বাড়ি ছেড়ে যাওয়ার আগে ঘরের ছাদ ও বেড়া খুলে মাটির উপর ভারী কিছু দিয়ে চাপা দিয়া রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	
৩০	দলিল পত্র ও টাকা পয়সা পলিথিনে মুরে শরীরের সঙ্গে বেঁধে রাখা অথবা পরিবারের সদস্যদের জানিয়ে মাটিতে পুঁতে রাখা	ঐ		ঐ	ঐ	৩৫	৫	৩০	৩০	

৩.৪.৩ দুর্যোগ পরবর্তী

টেবিল ৩.৬: দুর্যোগ পরবর্তী প্রস্তুতির কর্মপরিকল্পনা।

ক্রমিক	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন%	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
১	ধ্বংসাবশেষ পরিস্কার করা	বন্যা পরবর্তী ক্ষতিগ্রস্ত ধ্বংসাবশেষ পরিস্কারের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা, রোগ বালাই কমানো এবং জনজীবনে দুর্ভোগ কমানো	৬০-৭০ লক্ষ টাকা	ক্ষতিগ্রস্ত এলাকায়	দুর্যোগ পরবর্তী সময়	১৫	১৫	৫০	২০	
২	রাস্তা ঘাট তৈরি ও সংস্কার	বন্যা পরবর্তী ক্ষতিগ্রস্ত ফসল এবং জরুরী উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে যোগাযোগ ব্যবস্তা সচল থাকবে ও আইন শৃঙ্গালার উন্নতি ঘটবে	২৫-৩০ কোটি টাকা	ক্ষতিগ্রস্ত এলাকায়	দুর্যোগ পরবর্তী সময়	৪০		৫	৫৫	
৩	শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার	বন্যা, কালবৈশাখী ও ঝড়ে শিক্ষা প্রতিষ্ঠান জীবন রক্ষা পাবে এবং শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে	৬০-৭০ লক্ষ টাকা	ক্ষতিগ্রস্ত এলাকায়	দুর্যোগ পরবর্তী সময়	১৯	০১	৭০	১০	
৪	সেচ পাম্পের	জলবদ্ধতা থেকে ফসল	৬-৭ লক্ষ	প্লাবিত এলাকায়	দুর্যোগ পরবর্তী	৩৫	৫	২৫	৩৫	

ক্র	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য	কোথায় করবে	বাস্তবায়নের	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে
	ব্যবস্থা	রক্ষা করা এবং খাদ্য সংকট দূর করা	টাকা		সময়					
৫	আবাসনের ব্যবস্থাকরন	বন্যা পরবর্তী ক্ষতিগ্রস্ত মানুষের বসবাস নিশ্চিত করা	৭০-৮০ লক্ষ টাকা	ক্ষতিগ্রস্ত এলাকায়	দুর্যোগ পরবর্তী সময়	৫৫	৫	২০	২০	
৬	ত্রাণ সামগ্রী প্রদান	স্বাভাবিক ভাবে জীবন যাপন করা	৮-১০ কোটি টাকা	ক্ষতিগ্রস্ত এলাকায়	দুর্যোগ পরবর্তী	৩৫	১	৯	৫৫	

৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে

টেবিল ৩.৭: স্বাভাবিক সময়ে প্রস্তুতির কর্মপরিকল্পনা।

ক্র: নং	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন %	কমিউনিটি %	ইউপি %	এনজিও %	
১	বাঁধ তৈরি করা	বন্যা থেকে ফসল রক্ষা করা, অর্থ সংকট দূর করা	২১-২২ কোটি টাকা	চরআমখোলা থেকে বাউরিয়া।	মাঘ- বৈশাখ মাস পর্যন্ত	৩৫	১৫	২৫	২৫	
২	আশ্রয়কেন্দ্র তৈরি করা	বন্যা ও ঝড়ে জীবন রক্ষা করা	২৮-২৯ কোটি টাকা	আটখালী, হোগলাবুনিয়া, দরিবাহেরচর, চিংগুরিয়া, চরআমখোলা,বাউরিয়া, গলাচিপা,বোয়ালিয়া,পক্কিয়া, চরকারফারমা,	আশ্বিন-বৈশাখ মাস পর্যন্ত	৪৫	১০	১০	৩৫	
৩	গভীর নলকূপ	খরা মৌসুমে পর্যাপ্ত পানি	৫০-৬০ লক্ষ	১৪টি ইউনিয়নে	আশ্বিন-বৈশাখ	৪০	১০	১০	৪০	

ক্র	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য	কোথায় করবে	বাস্তবায়নের	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার
	স্থাপন	সরবরাহ			মাস পর্যন্ত					
৪	বেশি করে গাছ লাগানো	প্রকৃতির ভারসাম্য রক্ষা করা	২০-২৫ লক্ষ টাকা	১৪টি ইউনিয়নে ও ভেড়ীবাঁধের উপর	আষাঢ়-আশ্বিন মাস পর্যন্ত	২০	১০	৫০	২০	
৫	ঘরবাড়ি মজবুত করা	বন্যা, কালবৈশাখী ও ঝড়ে জানমাল রক্ষা করা	২কোটি ৫০ লক্ষ টাকা	আটখালী, হোগলাবুনিয়া, দরিবাহেরচর, চিংগুরিয়া, চরআমখোলা,বাউরিয়া, গলাচিপা,বোয়ালিয়া,পক্কিয়া, চরকারফারমা,	আশ্বিন-বৈশাখ মাস পর্যন্ত	১৫	৩০	১০	৪৫	
৬	সচেতনতা বৃদ্ধি করা	প্রকৃতির ভারসাম্য রক্ষা করা	১৫-২০ লক্ষ টাকা	১৪টি ইউনিয়নে	১২ মাস	২০	২০	২০	৪০	

চতুর্থ অধ্যায়
জরুরী সাড়া প্রদান

৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)

যে কোন দুর্যোগে জরুরী অপারেশন সেন্টার যে কোন সাড়া প্রদানে কার্যকরী ও সম্বনয় প্রদান করে থাকে। দুর্যোগে ইহা ২৪ ঘণ্টা সচল থাকে এবং তথ্য-উপাত্ত সংগ্রহ, পরীক্ষন, প্রদর্শন করে থাকে ও সম্পদের ব্যবস্থাপনা করে থাকে। জরুরী অপারেশন সেন্টারে একটি অপারেশন রুম, একটি কন্ট্রোল রুম ও একটি যোগাযোগ রুম থাকে।

টেবিল ৪.১: জরুরী অপারেশন সেন্টার কমিটির সদস্য তালিকা

ক্রমিক নং	নাম	পদবী	মোবাইল
০১	মুঃ সামসুজ্জামান লিকন	সভাপতি	০১৭৪০৮০৫৭১৭
০২	মাহাবুব আলম	উপদেস্টা	০১৭১২৭৮৬৮৩০
০৩	আমিরুল ইসলাম	সদস্য সচিব	০১৭১৭৯৫৬৮৪৭
০৪	মোঃমতিউর রহমান	ভাইস চেয়ারম্যান	০১৭৩১২৫৪৬৬৯
০৫	নারগীস সুলতানা	মহিলা ভাইস চেয়ারম্যান	০১৭১২-২৩২৩৩২
০৬	হারুন অর রশিদ	মাধ্যমিক শিক্ষা অফিসার	০১৭১৮-৪৮৩২০৭
০৭	ডাঃ মোঃ মাহবুবুর রহমান	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার	০১৭১৪-০৩৩৪৯৭
০৮	মোঃ মোসলেম উদ্দিন খান	মৎস্য অফিসার	০১৭১৮-৮৩০০৭৭
০৯	মোঃমোবাশ্বের আলী	যুব উন্নয়ন অফিসার	০১৭১৫-৬১৩৯৩১
১০	মোঃশওকত হোসেন	খাদ্য নিয়ন্ত্রণ অফিসার	০১৮৩২৪২০৩৩৪
১১	মোঃ ফজলুল হক	উপজেলা কৃষি অফিসার	০১৭২৮-২৫২৮৩৬
১২	বিপাশা দেবী তনু	মহিলা বিষয়ক অফিসার	০১৯১৫-৮৮৫২৫৬
১৩	মোঃআতিকুর রহমান তালুকদার	উপজেলা প্রকৌশলী অফিসার	০১৭১২০৯৫০৪৩
১৪	শীলা রানী দাস	সমাজ সেবা অফিসার	০১৭১১১১৩৩৯৫
১৫	মোঃ মোজাম্মেল হক খান	জনস্বাস্থ্য প্রকৌশলী অফিসার	০১৭১৬৪২২৪১৮
১৬	রবীন্দ্রনাথ মল্লিখ	সমবায় অফিসার	০১৭১৫৩০৯৬৪৭
১৭	মাহাবুব হোসেন সরকার	পল্লী উন্নয়ন অফিসার	০১৭১৬৬৮৪৮৬৯

তথ্যসূত্র: উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, গলাচিপা।

৪.১.১.জরুরী কন্ট্রোল রুম পরিচালনা

- দূর্যোগ সংঠিত হওয়ার পর পরই উপজেলা কার্যালয়ে জরুরী কন্ট্রোল রুম স্থাপন করতে হবে। সেখানে পালাক্রমে একসঙ্গে কমপক্ষে ৩/৪ জন স্বেচ্ছাসেবক ও পুলিশ সদস্য উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- উপজেলার দায়িত্বশীল ব্যক্তিবর্গ কন্ট্রোল রুমের সার্বিক দায়িত্বে থাকবেন। প্রতি দলে কমপক্ষে ৩ জন করে মোট ৩টি সেচ্ছাসেবক দল পালাক্রমে দিবা রাত্রী (ঘণ্টা ২৪)কন্ট্রোলরুমের দায়িত্ব পালন করবেন।
- জেলা সদরের সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।
- কন্ট্রোল রুমে একটি কন্ট্রোলরুম রেজিষ্টার থাকবে। উক্ত রেজিষ্টারে কোন সময়ে কে দায়িত্ব গ্রহণ করবেনদায়িত্ব , কালীন সময়ে কি সংবাদ পাওয়াগেল এবং কি সংবাদ কোথায় কার নিকট প্রেরণ করা হল তাহা লিপিবদ্ধ করতে হবে।

- দেয়ালে টাংগানো একটি উপজেলার ম্যাপে বিভিন্ন ইউনিয়নের অবস্থান বাধ,খাল ,মে যাতায়াতের রাস্তাবিভিন্ন গ্রা , ইত্যাদি চিহ্নিত থাকবে। দুর্যোগ পরবর্তী সময়ে কোন কোন এলাকায় সবচেয়ে বেশী ক্ষতি হয়েছতা চিহ্নিত করতে হবে।
- কন্ট্রোল রুমের দায়িত্ব পালনের সুবিধার্থে রেডিও, হ্যাজাক, চার্জার লাইট, ৫ টি বড় টর্চ লাইট, গাম বুট, লাইফ জ্যাকেট, ব্যাটারী, রেইন কোট কন্ট্রোল রুমে মজুদ রাখা একান্ত অপরিহার্য।

৪.২.আপদ কালীন পরিকল্পনা

টেবিল ৪.২: আপদ কালীন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ছক।

নং	কাজ	লক্ষ্য মাত্রা	কখন করবে	কে করবে	কারা সাহায্যে করবে	কিভাবে করবে	যোগাযোগ
১.	সেচ্ছাসে বকদের প্রস্তুত রাখা	প্রতিটি ইউনিয়ন থেকে দুই জন পুরুষ ও একজন মহিলার নেতৃত্বে সেচ্ছাসেবক দল প্রস্তুত থাকবে	দুর্যোগের সতর্ক বার্তা প্রচারকালীন সময় থেকে	স্থানীয় সরকার	দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	জরুরী কন্ট্রোল রুমের মাধ্যমে	দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
২.	সতর্কবা র্তা প্রচার করা	প্রত্যেক ওয়ার্ডের ইউপি সদস্য তার এলাকার প্রত্যেক বাড়িতে সতর্ক সংকেত প্রচারের বিষয়টি ব্যক্তিগত দায়িত্ব নিশ্চিত করবেন	দুর্যোগের সতর্ক বার্তা প্রচারকালীন সময় থেকে	স্থানীয় সরকার	সেচ্ছাসেবক দল	জরুরী কন্ট্রোল রুমের মাধ্যমে	দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
